
ব্যায়াম শিকা।

প্রথম ভাগ।

শিহরিশ্যন্তর শশ্মা



৩ নং রমানাথ মজুমদারের ষ্টাট পটল ্ডাঙ্গা নৃতন ভারতঘয়ে শ্রীরাম নৃসিংহ বদেয়াপাধ্যায় দারা মুক্তিত !

১२৮১ मान ।

মুল্য ।০ চারি আনা।



To W. S. ATKINSON, Esq., M. A.,

Director of Public Instruction, Bengal, Behar & Orissa,

&c. &c. &c.

THIS LITTLE BOOK

IS

MOST RESPECTFULLY DEDICATED.

WITH

PERMISSION,

AS AN NUMBLE ACKNOVLEDGMENT OF THE DEEP INTEREST, WHICH HE AS EVER EVINCED IN THE CAUSE OF N EDUCATION.

TH

ZEAL AND ABILITY WITH WHICH HE HAS CARRIED OUT

VERY MANY REFORMS IN THE EDUCTION DEPARTMENT.

AND THE

WARM ENCOURAGEMENT,

WHICH

PHYSICAL EDUCATION,

HAS RECEIVED

AT HIS HANDS, By his humble,

but

Sincere admirer, THE AUTHOR.

নানাশাস্ত্রাধ্যাপক অশেষ-গুণ-সম্পন্ন।

ভিরেক্টর, পবলিক ইন্স ট্রাক্শন্, বাঙ্গালা, বেহার এবং উড়িষ্যা ; মহোদয়, অপ্রতিহত-যশোভাজনেষু।

এ দেশীয় যুবকদিগের স্থশিক্ষার জন্য আপনি যে মহান্ যত্ন করিয়াছেন, আপনা কর্তুক

শিক্ষাবিভাগের যে ক্রীতি সাধিত হইয়াছে,
এবং বাস্ট্রিকার পক্ষে
আপুর্টিন দ্রীকার উদ্যোগী,
তহির জনী আমরা সকলেই
আপনার নিকট ক্বতজ্ঞ।
এরপ সামান্য গ্রন্থকে
আপনার নামে অলঙ্কৃত করা
আমার পক্ষে স্পর্জার কার্যা,

কিন্তু

আপনার অমুমতি প্রাপ্ত হইয়াছি বলিয়াই আমি এরূপ হুঃসাহসের কার্য্য করিয়াছি। ভরসা করি অমুগ্রহ করিয়া গ্রহণ করিবেন। আপনার একাস্ত

বশ্বদ,

শ্রীহরিশ্চক্র শর্মা।

ভূমিকা।

ব্যায়াম শিক্ষার পুস্তকের অভাব ছিল বলিয়া আমি এই ক্ষুত্র পুত্তক প্রকাশ করিলাম। এইটা ব্যায়াম শিক্ষার প্রথম ভাগ। ইহা ছই অধ্যায়ে বিভক্ত। প্রথম অধ্যায়ে, উপক্রমণিকা, व्याप्रास्मत कल, পরিচ্ছদ, আহার, व्याप्रास्मत विशान, ও ত্র্ঘটনার চিকিৎসা লিখিত হইয়াছে। উপক্রমণিকাতে ব্যায়াম শিক্ষার আবশ্যকতার বিষয় কিঞ্চিৎ প্রকাশিত হই-রাছে। দ্বিতীয় অধ্যায়ে, ৬৭ প্রকার ব্যায়াম বর্ণিত হইয়াছে। এবং সেই সকল ব্যান্নামের ক্রিবারী পরিকাররূপে বুঝিবার জন্য ৪৮ টা চিত্র সন্নিবেশিত সূত্রীক ক্র্যাছে। ইহার বিতীয় ভাগে ভারতবর্ষীয় ব্যায়াম বিস্তারিতরূপে বর্ণন করিব বলি-য়াই এ ক্ষুদ্র পুত্তকে তাহার বিশেষ উল্লেখ করিলাম না। ভাষার পারিপাট্য বিষয়ে চেষ্টা করা হয় নাই। যাহাতে সর্ব্ব সাধারণের বোধগম্য হয় তাহার প্রতিই বিশেষ লক্ষ রাথা হইয়াছে। যদি এবিষয়ে কিঞ্চিমাত্রও ক্বতকার্য্য হইয়া থাকি তাহা হইলেই পরিশ্রম সার্থক মনে করিব।

> শ্রীহরিশ্চক্র শর্মা। বিতীয়বারের ভূমিকা।

প্রথম বারের মৃজাঙ্কনে যে সকল ছাপার ভূল ছিল এবং ব্যায়ামের নামকরণে যে ক্রটি ছিল,তাহা এবারে সাধ্যাত্মসারে সংশোধন করা হইয়াছে। ভারতবর্ষীয় পণ্ডিতগণ ব্যায়াম বিষয়ে যাহালিথিয়াছেন তদ্বিয়ে যে কতিপয় সংস্কৃত পংক্তি উদ্ধার করা হইয়াছিল, এবারে তাহার বাঙ্গালা অর্থ সঞ্জি-বেশিত করা হইয়াছে।

প্রীভবিশ্বন পর্যা।

তৃতীয় বারের ভূমিকা।

এবারে কোন বিশেষ পরির্ত্তন করা হয় নাই। তবে পর্ব্ব বারের মুদ্রাঙ্কনে যে সকল বর্ণাশুদ্ধি ছিল তাহারই সংশোধন ম তে করা হইয়াছে।

প্রীত্রিশাল শর্মা।

সংবাদপত্তের সমালোচনা।

বঙ্গদর্শন চৈত্র শিন ১২৮০ সাল।

ব্যায়াম শিক্ষা প্রতিশিক্ষা। আহিরিশ্চন্দ্র শর্মা প্রণীত।
কলিকাতা সন ১২৮০ সাল।

বাায়াম শিক্ষার এই প্রথম গ্রন্থ, এরপ গ্রন্থের বিশেষ প্রয়োজন ছিল। প্রস্থানি পাঠ করিয়া বোধ হয়, ব্যায়াম-कार्या विरमय-स्निश्र वरः हिकिৎमा-विमाग्र समक वाकित দারা ইহা লিখিত হইয়াছে। বস্তুত: হরিশ বাবু যেরূপ প্রতিষ্ঠালন্ধ এবং ক্লতবিন্য চিকিৎসক এ গ্রন্থথানি তাহারই উপযুক্ত হইয়াছে। ইহা অতি সরল ভাষায় লিখিত ২ই-शांक वदः वाशांम-कोमन वदः जनावनिक भावीतिक বিধান সকল অতি পরিষ্কৃতরূপে বর্ণিত হইয়াছে। আমানিগের এমন বোধ হয় যে ইহার সাহায্যে বিনা শিক্ষকেও ব্যায়াম-কৌশল সকল অভ্যাস করা যাইতে পারে। এই গ্রন্থখনি ছাত্রদিগের শিক্ষার বিশেষ উপযোগী, এবং শিক্ষাবিভাগের

কর্তৃপক্ষণণ বিদ্যালয় সমূহে ইহার পাঠের নিয়ম করেন, ইহা আমাদিগের বিশেষ অভিলাষ। ইহার মূল্য ও অতি অংশ, চারি আনা মাতা। এই স্থুম্ল্যতাও এরপ গ্রন্থের বিশেষ একটি গুণ।

বাঙ্গালার পক্ষে ব্যায়াম শিক্ষা বিশেষ প্রায়নীয়।
বাঙ্গালীর বিদ্যা বৃদ্ধির অভাব নাই, বলও সাহস হইলেই
আমরা পৃথিবীর শ্রেষ্ঠ জাতির নধ্যে গণ্য হইতে পারি। বল
হইলেই সাহস হইবে, বলের পক্ষে ব্যায়াম বিশেষ প্রায়ন
জনীয়। ব্যায়াম শিক্ষার পর্যে, ইকলেরই যত্ন করা কর্ত্তবা।
সেই জন্যই হরিশ বাব্র প্রস্কের্যার্থীর প্রয়োজন, এবং সেই
জন্যই উহা সকল বিদ্যালয়ে ব্যবহৃত ইওয়া উতিত। আমাদিগের দেশের বালকেরা শারীরিক পরিশ্রম করেনা, মানসিক
পরিশ্রম করে, ইহাতে তাহারা ক্রম ও হর্বল হইয়া পড়ে।
এই অনিষ্ঠ নিবারণের একমাত্র উপায় ব্যায়াম শিক্ষা।

এই গ্রন্থানি ছই অধ্যায়ে বিভক্ত। প্রথম অধ্যায়ের ফল, উপক্রমণিকার ব্যায়ামের প্রয়োজন, তৎপরে ব্যায়ামের ফল, পরিচ্ছদ, আহার ইত্যাদি, ব্যায়ামের বিধান, ছর্ঘটনার চিকি-ৎসা, এই সকল অবশ্য-জ্ঞাতব্য বিষয় লিখিত হইয়াহে। ছিতীয় অংগায়ে, প্রথমে যে সকল ব্যায়ামে কোন প্রকার ব্যায়ের প্রয়োজন নাই তাহাই বর্ণিত হইয়াছে। তাহার পরে যে সকল ব্যায়ামে যঞ্জের আবশ্যক, কিন্তু সহজে বা অনিষ্ট-পাতের কোন স্ক্রাবনা ব্যতীত সম্পন্ন হইতে পারে, তাহাই

বর্ণিত হইয়াছে। সর্বাশেষে অপেক্ষাকৃত কঠিন ব্যায়াম সকলের বিধান লিখিত হইয়াছে। এইরূপ স্থপ্রণালীতে গ্রন্থ লিখিত হওয়ায়, শিক্ষক এবং ছাত্র উভয়ের ব্যায়াম শিক্ষা বিশেষ স্থসাধ্য বোধ হইবে। এই গ্রন্থ প্রণয়নের জন্য আমরা হরিশ বাবুকে বিশেষ ধন্যবাদ করি।

২৯ কাল্ গুণ ১২৮০ অমৃত বাজার পত্রিকা।

আমরা ডাক্তার হরিশ্চন্দ্র শর্মার ব্যায়াম-শিকা নামক পুত্তকের একথণ্ড পাইয়া প্রাকৃত হইলাম। এইরূপ একথানা পুত্তকের প্রকৃত অসুবি কুল, এত দিন পরে সেই অভাব স্থানর রূপে পূরণ হইল। হরিশবাবু একজন খ্যাভাপর ব্যক্তি। পুস্তক থানিও সর্কাংশে তাঁহার উপযুক্ত হইয়াছে। পুস্তক খানি সচিত্র ও সরল ভাষায় লিখিত, ও প্রবন্ধ গুলি এরূপ সুশুখালাবদ্ধ যে সকলে গুরু উপদেশ ব্যতীত পুস্তক থানি দেখিয়া ব্যায়াম-চর্চা করিতে পারিবেন। কর্তৃপক্ষীয়েরা সম্ভবতঃ এই পুস্তক থানি সম্দায় বিদ্যালয়ে প্রচার করিবেন, যদি না করেন তবু বঙ্গবাসীমাত্রের কর্তব্য, এই পুস্তকের একথানি ক্রয় করিয়া ব্যায়াম-চর্চ্চা করেন। মূল্য অতি অল, । ত চারি আনা মাত্র। আমাদের শারীরিক বল নাই তাহাতেই আমাদের এই হ্রশা, আর শারীরিক বল-বৃদ্ধির ব্যেম চর্চা এক প্রধান উপায়।

সূচি পতা।

সংখ্যা ;	ব্যায়ামের	नांग।	পृष्टी ।
	সংখ্যা।		
2	•••	উপক্রমণিকা।	>
ર	•••	गामारमद कल।	२
•	***	পরিচ্ছদ।	¢
8	**	আহার ৣ	*
C	***	नावादम् द [े] विधान ।	9
**	•••	ছ্ব টনার চিকিৎসা।	۵
9	>	দণ্ডায়মান হওয়া। 🍞	>\$
ь	२	ठलम ।	১৩
۵	૭	(नीड़ान।	58
> 0	•••	লক্ষ দেওয়া (লাকান)।	>@
; >	8	সন্মূথে উৰ্দ্ধ লক্ষন।	36
>5	Œ	বাম পাৰ্ষে উৰ্দ্ধ লক্ষন।	79
20	৬	• দক্ষিণ পার্ষে উর্দ্ধ লক্ষন।	D
>8	9	পশ্চাতে উৰ্দ্ধ লক্ষন।	२०
ે હ	13"	সন্থ্রে পরিসর লক্ষন।	₹•

.

সংখ্যা।	ব্যায়ামের	নাম।	পৃষ্ঠা।
	সংখ্যা।	•	~
26	6	সন্মুথে অধো-লক্ষন।	२५
> 9	>0	সন্মুখে মিশ্র লন্দ্রন।	२२
74	. >>	পৃশ্চাতে হাত মিলান।	₹.5
১৯	\$2	সন্মুখে মুষ্টি নিক্ষেপ।	28
२०	200	উर्क्ष गृष्टि नित्कर।	ক্র
2,5	\$8	হাত ঘুরান।	२६
२२	> c	পারের অঙ্গুলি দারা ভ্মি	
		🜓 র্শ করিয়া দাঁড়ান।	ক্র
२७	>0	গুলুফ দারা পশ্চাৎ-দেশ স্পার্শন	1 26
₹8	>9	জাতু দারা ককঃস্থল স্পর্ন।	ক
२৫	76	লক্ষ্য দিয়া গুল্ফ ছারা পশ্চাৎ-	
		দেশ স্পর্শন।	₹9
२७	29	জাতু হারা ভূমি স্পর্শন।	ঐ
२१	20	একটা জামুর উপর অবস্থিতি।	२৮
२৮	२১	বাম জাতু যারা ভূমি স্পর্শন।	D
२ठ	22	প্রকারান্তরে জামু দারা ভূমি	
		স্পৰ্শন।	२२
ಿ ∗	२७	প্রণাম করা।	D

সংখ্যা।	ব্যায়ামের	নাম।	शृ हे ।
	সংখ্যা।		
৩১	২ 8	উপরেশন।	50
৩২	₹¢	প্রকারান্তরে উপবেশন।	৩১
೨ ೨¥	२७	্ শ্ন্যে হুই পা কাওড়া দেওয়া।	৩২
3 8	२१	পাদদ্বা হস্ত স্পর্শন।	೨೨
90	२৮	শূন্যে পাদ প্রসারণ।	৩৪
<u> ১</u> ৬	२३	যष्टि উন্নজ্ঞন পূর্ব্বক লক্ষ্কন।	ঐ
৩৭	99	इ हे इस मस्या नक्तन।	૭૯
96	• • •	প্যারেলেল বার।	৩৬
৩ ৯	٥>	প্যারেলেল বারের উপর আরোহণ	1109
8.	৩২	প্যারেলেল বারে দোলন।	36
85	೨೨	প্যারেলেল বারে হস্ত দারা গমন	। ७५
82	৩৪	প্যারেলেল বারে ইংরাজি (L) এ	ল
		অক্সর হওয়া।	৩৯
ខ្ទ	9 ¢	প্যারেলেল বারের উপর উপবেশ	न । १९०
88	৩৬	প্যারেলেল বারে প্রকারাস্তরে	
		• উপবেশন।	82
84	99	বক্ষঃস্থল প্যারেলেল বারের	
		সমান উচ্চ করিয়া রাখা।	82

সংখ্যা।	ব্যায়ামের	নাম। পূ	हो ।
	সংখ্যা।		
. ૪૭	৩৮	প,ারেলেন বারের উপরে লক্ষন।	89
89	৩৯	প্যারেলেল বারের সমাস্তর হওয়া।	68
8b	8 •	বারের উপর দণ্ডায়মান হওয়া। 🔹	8@
ส3	٤3	প্যারেলেল বারে বাজি করা।	ঐ
c •	88	প্যারেলেল বারে হস্ত পদ সংলগ্ন	
		कतिया भन्नीत चूलारेया तोथा।	৪৬
٤»	ន១	প্যারেলেল বারের এক বার হইতে	
		হস্ত লইয়া অন্য বার স্পর্শ করা।	89
@ २	"	হরিজ্ঞণ্ট্যাল বার।	ঐ
وي	88	সমস্ত অঙ্গুলি উপরে রাখিয়া হরি-	
		জণ্ট্যাল বারের সম্মুখপার্শ্ব ধরা।	৪৯
48	80	সমস্ত অঙ্গুলি উপরে রাথিয়া হরিজ-	
		ণ্ট্যাল বারের পশ্চাং পার্ম্ব ধরা।	40
00	8 ७	হ ন্তে র বৃদ্ধা ঙ্গুঠ স্বতন্ত্র করিয়া হরি	
		জন্ট্যাল বারের সন্মুখ ধরা।	ক্র
৫৬	چ ۹	বৃদ্ধাসুষ্ঠ স্বতন্ত্র করিয়া হরিজন্ট্যাল	
		বারের পশ্চাৎ পার্শ্ব ধরা।	د٥
69	80	হরিজণ্টাল বারে দোলন	ঐ

সংখ্যা।	ব্যায়ামের	नाम ।	পৃষ্ঠা !
	সংখ্যা।		
eb-	৪৯	হরিজ্ণীাল বার ধরিয়া গমন	৫२
৫৯	¢°	হরিজন্ট্যাল বারে বক্ষঃস্থল	
*		সংলগ্ন করণ।	্৫৩
৬০	۲۵	প্রকারাস্তরে হরিজণ্ট্যাল বার	
		ধরিয়া দোলন।	« 8
৬১	«۶	বৃহং চক্র ।	00
৬২	e »	পদ দারা হরিজণ্ট্যাল বার প্পর্শ	
		করা।	৫১
৬৩	¢ 8	হরিজন্টাবে বারের উপর বেগে	
		আরোহণ করা।	@9
৬৪	a a	হরিজণ্ট্যাল বারে বাজী করণ।	(b
৬৫	৫৬	হরিজণ্ট্যাল বার প্রদক্ষিণ।	63
৬৬	49	হরিজন্টাাল বারে ইংরাজী (L)	
		অক্ষর হওয়া	80
৬৭	¢4	হাত ও হাঁটু দিয়া হরিজণ্ট্যাল	
		" বার প্রদক্ষিণ।	৬১
৬৮	৫৯	হস্ত পদ হরি জণ্টাল বারে সংলং	গ্ৰ
		করিয়া শরীর ঝুলান।	ক্র

সংখ্যা	ব্যায়ামের	নাম। পৃষ্ঠা।	
€.	সংখ্যা।		
৬৯	50	হরিজন্ট্যাল বাবে ফড়িঙ হওয়া। ৬২	`
90	65	ছরিজণ্ট্যাল বারের উপর দাঁড়ান। ৬৩)
95	৬২	হরিজন্ট্যাল বারে জান্ত্র সংলগ্ধ *	
		করিয়া ঝোলা।	8
92	৬৩	হরিজণ্টীয়াল বারে পায়ের পাতা সংলগ্ন করিয়া ঝোলা।	<u>.</u>
		সংগ্র কার্মা কোলা। ছরিজ্ট্যাল বাবে কতুই স্থাপন। ৬	
१७	, % 8		
98	৬৫	ওষ্ঠ দারা হরিজণ্ট্যাল বার	.4.
		ا الماليد	9
9¢	৬৬	মান্তল বা শুপারি গাছে আরোহণ।	ক্র
95	৬৭	প্রকারান্তরে মাস্তলে আরোহণ। ৬	9


শুদ্ধি পত্র।

পৃষ্ঠা	পংক্তি	অন্ত দ্ধ	শ্ব
8	>5	ক চক ওলি	ক্ ডক শুলি
"	>>	মূগ	ষুগ
>9	35	কতক গুলী	ক্ তকগুলি
, 2F	.8	রজ্জর	রজ্ঞ ব পার্যে পার্যে ক্রনে
00	à	পাৰে	
"	, 28	পাৰে	
٥٥		ब्ल्ट् म	
৩২	>•	ধকিণ দকিণ	
	>5	সত্ম খে	সন্মুখে
45	9	পার্শ	পাৰ্শ
	,		1





ব্যায়ামশিকা।



বালকদিগকে যথন বিদ্যা শিকা দিতে আরম্ভ করা যায়, তথন তাহার সঙ্গে সঙ্গেই পরিমিতরূপে ব্যায়াম শিক্ষা দেওয়া উচিত। যেমন, কেবল মাত্র ব্যায়াম শিক্ষা দিলে শরীর প্রচুর পরিমাণে বর্দ্ধিত, বলিই ও পুই হয় বটে, কিন্তু মনের উৎকর্ষ ও জ্ঞানোরতি সাধন প্রকৃত পরিমাণে হয় না, তক্রপ ব্যায়ামাদি-শারীরিক-স্বাস্থ্য-বিধায়ক কার্য্য অব-হেলা করিয়া, কেবল মাত্র পুস্তক অধ্যয়ন প্রভৃতি মানর্সিক কার্য্যে সর্বাদা নিবিই থাকিলে শরীর ছুর্বল হয়, এবং তর্মিবন্ধন মনও হুর্বল হইয়া প্রকৃত পরিমাণে জ্ঞানোরতি সাধনের অকুপযুক্ত হয়।

ব্যায়ামের ফল।

वाशिम অভাদ করিলে শরীর পুষ্ট, বলিষ্ঠ ও দৃঢ় হয়, অনেক প্রকার শারীরিক রোগের প্রতীকার হয়, এবং অনেক প্রকার রোগ শরীরে প্রবেশ পর্যান্তও করিতে পারে না ৷ ইহাতে যে কেবল শারীরিক শক্তি বৃদ্ধি হয় এমত বুহে, ব্যায়ামকারী প্রয়োজনাত্মসারে আপন শক্তি উপযুক্ত মত ব্যবহার করিয়া ভয়ানক বিপদ্ হইতেও উত্তীর্ণ হইতে পারে। যে তুর্গম স্থানে অতি বলবানু ব্যক্তি যাইতে সাহস করে না, যে ব্যক্তি রীতিমত ব্যায়াম অভ্যাস করিয়াছে, সে হস্ত পদ ও অঙ্গুলি উপযুক্ত মতে সঞ্চালন করিয়া সেই ত্র্মস্থানে অনায়াদে যাইতে পারে। যথন জগদীখর আমা-দিগকে শারীরিক শক্তি দিয়াছেন, তথন সেই শক্তির উৎকর্ষ সাধন করা, এবং উহাকে নানাপ্রকার প্রয়োজনের উপ-যোগী করা আমাদিগের একটী প্রধান কর্ত্তব্য কর্ম। বাাগা-মের দ্বারা মাংসপেশী পুষ্ট ও দৃঢ় হর, পরিপাক-শক্তি বুদ্ধি পায়, শারীবিক বল বৃদ্ধি পায়, এবং শারীবিক স্বাস্থ্য সম্পাদিত হইলে, মনও সবল এবং ক্রি-যুক্ত হয় ৷ ভারতব্যীয় প্রাচীন পণ্ডিতগণ ব্যাদামের বিষয়ে যাহা লিথিয়াছেন, তাহার কিয়দংশ নিমে প্রকাশিত इहेन।

चौग्रोटमा हि मना शर्था। विनिमाः निकार जिक्का जिनाः। न চ শীতে বসস্তে চ তেষাং পথ্যতম: স্মৃতঃ ॥ ্ দর্কেষ্ ভুষু সর্কৈহিঁ মর্ক্যেরাস্মহিতার্থিভিঃ। শক্তাৰ্দ্ধেন তু কৰ্ত্তব্যো ব্যাবামো হস্তাতোংন্যথা।। कूटको ननाटि श्रीवांशः यना वर्षः धावर्डट । শক্তাৰ্দ্ধং তং ৰিজানীয়াদায়ভোচ্ছাদমেব চ॥ লাঘবং কর্ম্মামর্থাং ধৈর্যাং ক্লেশসহিষ্ণ তা। লোষক্ষরে। হগির্**দ্ধিক** ব্যায়ামাত্রপজায়তে ॥ ব্যায়ামং কুর্বতো নিত্যং বিরুদ্ধমপি ভোজনং। বিদ্যামবিশ্বংবা নির্দোষ্য পবিপচাতে॥ নচ ব্যায়ামসদুশমন্যৎ স্থৌল্যাপকর্ষণম। নচ বাারামিনং মর্তাং মঙ্গ রস্তার্যো বলাং ॥ নচৈনং সহসাক্রমা জরা সমধিগচ্চতি। ব্যাধ্যো নোপসপ জি বৈনতেয়মিবোরগাঃ॥ ব্যায়ামকুগ্নগাত্রদ্য পন্ত্যামুম্বর্ত্তিত্স্য ।

বলবান্ ও স্নেছদ্রব্য-ভোজনশীল ব্যক্তির ব্যায়াম সর্বাণ হিতকর; সেই ব্যায়াম ঐ সকল ব্যক্তির পক্ষেশীত ও বসস্ত ঋতুতে অধিকতর হিতকর হইয়া থাকে।

আত্মহিতেচচুক মন্ত্র্য্যাতেরই সকল ঋত্তে শক্তির অর্দ্ধ পরিমাণে ব্যায়াম কর্ত্ত্ব্য। ইহার অন্যথা করিলে ব্যায়াম দারা শরীর নষ্ট হয়। যখন কৃষ্ণি, ললাট ও গ্রীৰা হইতে ধর্ম নির্গত হইতে থাকে, এবং নিশাস দীর্ঘ হয়, তখনই শক্তির অদ্ধ ব্যারাম হইল বুঝিতে হইবে।

ব্যায়াম দারা শরীরের লঘুতা, কার্য্যদক্ষতা, ছৈর্য্য ও ক্লেশ-সহিষ্কৃতা জন্মে, এবং দোষক্ষয় ও অগ্নির্দ্ধি হয়।

বে ব্যক্তি নিত্য ব্যায়াম করে তাহার বিরুদ্ধ (১) বিদগ্ধ (২) কিম্বা অবিদগ্ধ ভোজন ও দোষ প্রকোপ না করিয়া, পরিপাক হয়।

স্থালতা দূর করিবার নিমিত্ত ব্যায়াম সদৃশ আর অন্য উপায় নাই। ব্যায়ামশীল ব্যক্তিকে শক্রুরা বলপূর্বক ক্লেশ দিতে পারে না।

ব্যায়ামশীল ব্যক্তিকে সহসা জরা আদিরা আক্রমণ করিতে পারেনা।

সর্প সকল ধেরপে গরুড়ের নিকট গমন করিতে পারে না, সেই রূপ যাহার শ্রীর ব্যায়াম বারা মন্দিতি ও পাদ-

⁽১) কভকগুলি দ্ৰাের, একতা মিশ্রিত করিয়া, ভোজনের নিষেধ আছে। সেই রূপ একতা মিশ্রিত করিয়া যদি ভোজন কর। যায় ভবে ভাছাকে বিরুদ্ধ ভোজন কছে যথ। — নাবকলাই ও মুনের দাল কিব। সুধা ও মংস্য ইভ্যাদি।

⁽ २) (य अ(य) फश्रतमंत्र कर्या।

দারা স্থৃষ্ট, তাহাকে কোন প্রকার ব্যাধি আক্রমণ করিতে পারে নার

পরিচ্ছদ ৷

ব্যায়াম করিতে হইলে সহজ পরিচ্ছদ ধারণ করা উচিত ! দেশ-বিশেষে ও কাল-বিশেষে ব্যায়্যামকারীর পরিচ্ছদের পরি-বর্ত্তন করা আবশ্যক। ইউরোপের অধিকাংশ স্থানেই ট্রাউজার (পায়জামা বিশেষ), ছোট কোট, কোমরবন্ধ, মোজা ও বুট জুতা ব্যবহৃত হয়। ভারতবর্ষীয় হিন্দুস্থানী পাহালোয়ানেরা (ব্যায়ামকারীরা) জাঙ্গিয়া ও লেঙ্গটি মাত্র ব্যবহার করিয়া থাকে। এদেশের পক্ষে ব্যায়ামের সময় এইটিই অত্যুৎক্ষষ্ট পরিচ্ছেদ। বালকেরা যথন বিদ্যালয়ে যায়, তখন ধুতি বা পায়জামার নীচে ইহা পরিধান করিলেও চলিতে পারে। ব্যায়ামের সময় অন্য সকল পরিচ্ছদ ত্যাগ করিয়া কেবল এই পরিচ্ছদ মাত্র ধারণ করিলে অনায়াদে ব্যায়াম করিতে পারে। যাহাদিগের জাঙ্গিয়া ও লেঙ্গটি না থাকে, ভাহারা ধৃতি মালকোঁচা করিয়া পরিলে ব্যায়াম শিক্ষা করিতে পারে। মালকোঁচা করিবার পূর্বে ধৃতির যে ছই অংশ হই হাঁটুর উপরে থাকে. সেই তুই অংশ কটিদেশের তুই পার্শ্বে গু জিয়া দিয়া, পরে কোঁচা পশ্চাং দিকে ফিরাইয়া মালকোঁচা করিতে

হইবে, নতুবা ছই উরু অনায়াসে সকল দিকে সঞ্চালিত করা বার না। কোমন্-বন্ধের পরিবর্তে চাদর কোমরে জড়া-ইয়া সম্পুথে গিরা দিয়া, তাহার ছই অঞ্চাগ ফিরাইয়া মালকোঁচার ন্যার কটিদেশের পশ্চাৎদিগে ভূজিয়া দিতে হইবে।

আহার।

পরিশ্রম করিলে অধিক পরিমাণে পুষ্টিকর আহার আবশাক হয়। বাহারা আলস্য-পররশ হইয়া কাল্যাপন করে,
তাহাদিগের আহারাপেক্ষা পরিশ্রমশীল ব্যক্তিদিপের আহার
মভাবতঃই অধিক। বে দকল দ্রব্যের সার-ভাগ অধিক,
অর্থাৎ ছোলা, মরদা, ছয় ও মাংস ইত্যাদি, এবং ছত, মাখন
প্রভৃতি মেহ দ্রব্য ব্যায়ামকারীদিগের দচরাচর আহার্য্য হওয়া
উচিত। কুণা, ইক্ছা ও শারীরিক অবস্থা ইত্যাদি বুঝিয়া
আহার করা কর্ত্তব্য। অক্প আহারে যে প্রকার শরীর শীর্ণ
ও ছর্মল হয়, অধিক আহারে তদপেক্ষা গুরুতর কষ্টদায়ক
অজীর্ণ রোগাদির উৎপত্তি হয়। অত্র্র্য উপযুক্ত আহারই
স্মাপেক্ষা উত্তম। চারি পাঁচ ঘণ্টা ব্যবধানে আহার করা
উচিত। একর্ষারের ভুক্ত দ্রব্য পাক্ষ্মলীতে সম্পূর্ণ পরি-

শাক না হইতে হইতেই পুনরার আহার করিলে অজীর্ণ রোগ জম্মে, এবং তাহাতে শরীর অভিশয় ক্লিষ্ট হয়।

बांशास्त्रत विधान।

একেবারে অধিক কাল ধরিয়া কঠিন বাায়াম করা উচিত নহে। প্রত্যেক কঠিন ব্যায়ামেব পর কিছু কাল বিশ্রাম করা আবশ্যক। যদি ব্যায়াম করিতে করিতে বুকের পার্বে বেদনা বোধ হয়, তবে তৎক্ষণাৎ ব্যায়ামে ক্ষান্ত হওয়া উচিত। याशामिरागत मत्रीत चाठि पूर्वन, তाशामिरागत चाठि সহজ বাায়াম অভ্যাস করা কর্ত্তবা। যাহাতে শারীরিক পরি-শ্রম অধিক হর এমন ব্যায়াম তাহাদিগের পক্ষে অবৈধ। যাহাদিগের হৃদ্রোগ (heart-disease) থাকে তাহাদিগের পক্ষে ব্যয়াম নিষিদ্ধ। যাহাদিগের ঘাড় ছোট, মস্তক বড়, এবং সময়ে সময়ে অল পরিশ্রমে মাথা গরম হয়, অর্থাৎ যাহাদিগের মাথায় সহজে রক্ত উঠিবার সম্ভাবনা. তাহাদিগের অতি সহজ ব্যায়াম ভিন্ন কঠিন ব্যায়াম অভ্যাস করা উচিত নহে, কেন না তাহাদিগের হঠাৎ এপোপ্লেক্সি অর্থাৎ সর্যাস রোগ উপস্থিত হইতে পারে। যাহাদিগের ক্ষমকাশ, রক্তবমন ও হার্নিয়া (অন্ত্র-রৃদ্ধি রোগ) থাকে, ভাহারা ব্যায়াম হইতে নিবুত্ত থাকিলেই ভাল হয়।

ছর্মন বা বোগবিশিষ্ট ব্যক্তিরা যদি ব্যায়াম অভ্যাস করিতে চাহে, তবে তাহারা স্থবিজ্ঞ চিকিৎসকের দারা শরীর পরীক্ষা করাইয়া, ও তাঁহার অভিপ্রায় লইয়া যেন ব্যায়াম শিক্ষা করে। ব্যায়াম করিবার সময় জল পিপাসা হইলে, কিছু কাল, অর্থাৎ দশ পনের মিনিট বিশ্রাম করিয়া অল্পা পরিমাণে জল পান করা বিধেয়। একেবারে অধিক জল পান করা উচিত নহে। বরং পুনঃ পুনঃ অল্পা বিশ্রামের পর অর পরি-মাণে পান করাও শ্রেয়ঃ।

বাায়ামকারীরা ন্যুন কল্পে এক ঘণ্টা কাল বিশ্রাম না कतिश सान वा आशांत कतिरव ना, रकनना य नमरत भतीव গরম ও রক্ত চঞ্চল থাকে, দে সময়ে হঠাৎ মান বা আহার করিলে সদ্রি গরমি উপস্থিত হইতে পারে। প্রাতঃকাল ও অপরাহ্ল যে সময়ে অতি স্থানিয়া, সেই সময় ব্যায়াম শিক্ষার পক্ষে উপযুক্ত ৷ শীত ও বসস্ত কাল ব্যায়াম শিক্ষার পক্ষে বিশেষ উপযোগী। অন্যান্য কালে কেবল অভ্যন্ত ব্যায়ামের চালনা রাথিয়া শরীর স্থন্ত রাখা আবশ্যক। বর্ষাকাল ব্যায়াম শিক্ষার পক্ষে অনুপযোগী, কারণ অতি সামান্য ক্ষতও শীঘ্র আরাম হয় না। প্রাতে ব্যায়ামশালায় যাইবার পূর্বেই স্নান করিয়া যাওয়া উচিত। শীতল জলে স্নান করা বিধেয়। যাহাদিগের শীতল জলে স্নান সহ্য না হয়, বা শরীর অতি छर्तन, তारांनिरगंत्र शक्क श्रेयक्ष छर्न श्रान कता विरश्य। যাহাদিপের প্রাতঃকালে স্নান সহ্য না হয়, তাহাদিপের ব্যারা।
মের পরে ন্যুনাধিক ছই ঘণ্টা কাল বিশ্রাম করিয়া, শরীর
স্থির হইলে স্নান করা কর্ত্তব্য। ব্যায়ামকারীদিপের শরীর
পরিকার রাথা অতি আবশাক।

ছুর্ঘ টনার চিকিৎসা।

উত্তম নিয়মবিশিষ্ট ব্যায়ামশালাতে ছুর্ঘটনা প্রায় ঘটে না। কিন্তু দৈবাৎ যদি কোন প্রকার ছুর্ঘটনা উপস্থিত হয়, বথা হাত পা ভাস্থা, হাড় সরিয়া যাওয়া, চোট লাগা, স্থান বিশেষ মচুকান, বেদনা-যুক্ত বা ক্ষত ইত্যাদি হওয়া, তাহার জন্য শিক্ষক ও ছাত্রদিগের প্রস্তুত থাকা আবশ্যক। যদি কোন অক্সের হাড় ভাঙ্গিয়া যায়, বা স্বস্থান হইতে সরিয়া যায়, তাহা হইলে তৎক্ষণাৎ সে অক্স সহজ ভাবে রাথিয়া, তাহার উপর নেকড়া শীতল জলে ভিজাইয়া আর্ত করিয়া, চিকিৎসক আনাইতে হইবেক।

অমুপদিষ্ট লোক দ্বারা চিকিৎসা না করাইয়া, বরং চিকিৎ-সক্রের প্রতীক্ষার থাকা ভাল। যদি কোন স্থানে চোট লাগে, বা কোন স্থান মচ কে যায়, অথবা ক্ষত হয়, তবে তৎক্ষণাৎ ব্যায়াম হইতে ক্ষাস্ত হইয়া শীতল জলের পদী দিতে হইবে। ক্ষত স্থানে যদি ধুলা, বালি, স্থাকি বা অন্য কোন বস্তু সংলগ্ন থাকে, তবে সে সমস্ত শীতল জলে পরিষ্কার করিতে হইবে।

সর্বদা ব্যায়ামশালার নিকট শীতল জল রাথা আবশ্যক।
শীতল জলই ব্যায়ামকারীর সকল পীড়ার এক প্রকার
মহৌষধ। জলের এক নাম যে জীবন, তাহা ব্যায়ামশালায়
প্রত্যক্ষ করা যায়। ছিল্ল বস্ত্র শীঘ্র না পাইলে, চাদর বা
পরিধেয় ধুতির কিয়দংশ ছিল্ল করিয়া লইতে সঙ্ক্চিত হওয়া
উচিত নহে।

ব্যায়াম জনিত সকল পীড়াতে চক্ষে ও মুথে শীতল জল
দিতে হইবে এবং কিঞিৎ জল পান করাইলেও দৌর্বল্য
নিবারণ হইবে। যদি মন্তকে কোন আঘাত জন্য ব্যায়ামকারী মুচ্ছিত হয়, তাহা হইলে চক্ষে, মুথে এবং বুকে সজোরে
পুনঃ পুনঃ জলের ছিটা দিতে হইবে, ও মন্তকে প্রথম জোরে
জলের ছিটা দিয়া ক্রমে আন্তে আন্তে জল ধারা করিতে
হইবে। গাড়ুর নলে জল সেচন করা বিধেয়। গাড়ু অভাবে
ঘটিতেও এক প্রকার চলিতে পারে। যে যে স্থানে জল
পটীর ব্যবস্থা করা গিয়াছে, সেই সেই স্থানে প্রথমে জল
সেচন করিয়া পরে জল পটী দিলে একেবারে বেদনার লাখব
হইবে।

যদি অধিক কাল ব্যায়াম করিতে করিতে বুকের পার্খে

বেদনা বোধ হয়, তবে সে বেদনার স্থানে জল সেচন করি-বার বা জল-পটী দিবার আবশ্যকতা নাই। ব্যায়ামে ক্ষান্ত দিলেই কিছু কাল পরে সে বেদনা আপনিই যাইবে।

জল-পটি প্রস্তুত করা অতি সহজ। ছিল্ল বস্ত্র (নেকড়া) ছুই ভাঁজ করিয়া জলে ভিজাইয়া পীড়ার স্থান ঢাকিয়া দিতে ছুইবে। যদি আখাতের স্থানে অতিশন্ন বেদনা হয়, তবে এক পোলা জলের সহিত > ভোলা টিংচার আর্ণিকা নিশাইয়া, তদভাবে চারি আনা ওজনে আফিন্স, অর্দ্ধসের জলের সহিত ভাল রূপে গুলিয়া, সেই জলে পটা ভিজাইয়া বেদনা স্থানে দিলে. বেদনা ক্রমে কমিয়া যাইবে।

ঔষধ সর্বাদা পাওয়া কঠিন, কিন্তু জল, সেচন ও পটী করিয়া দেওয়া অতি সহজ। জলের প্রতি যেন অবিশাস ও হতাদর করা না হয়। মনোযোগ পূর্বাক জল সেচন ও পটী দিলে পীড়ার অনেক লাঘব হইবে। পটী যেন শুক্ষ না হয়, সকাদাই যেন শীতল জলে আর্দ্র পাকে। এ বিষয়ে বিশেষ মনোযোগ করা প্রয়েজন। যদি ঐ সমস্ত বেদনার জন্য জর হয়, তবে যথাশাস্ত্র লঘু পথা, (বৈ বা মৃড়ি, শাশু বা এরারুট বা বিদ্কিট বা রুটী) রাবহার করা এবং শরীরকে বিশাম দেওয়া উচিত। আরোগ্য না হওয়া পর্যান্ত অঙ্গ চালনা করা উচিত নহে। যদি মল বদ্ধ থাকে তবে কাইরআইল অর্থাৎ রেড়ির তৈল সেবন করিয়া করা গ্রিষ্কার করা আবশ্যক।

১ম ব্যায়ামু∮ দঙায়মান হওরা (দাঁড়ান।)

সর্ব্ধ প্রথমে দাঁড়ান শিক্ষা করা আবশ্যক। শিক্ষক সন্মুধে দাঁড়াইয়া ছাত্রদিগকে যে প্রকার অনুমতি করিবেন, ছাত্রেরা সেই প্রকার করিবে।

সোজা হইরা, ছই পারের গুণ্ফ (গোড়ালি) একজ ক্রিয়া দাঁড়াও।

এ সময়ে মন্তক সরল ভাবে রাখিবে এবং সমুধে দৃষ্টি
করবে। ১ম চিত্র দেখ।

১ম চিত্ৰ।



২য় ব্যায়াম।

ठमन ।

প্রথম ব্যারামের ন্যার দাঁড়াও। প্রথমে দক্ষিণ পা সন্মুথে এক গজ দ্বে নিক্ষেপ কর। পরে বাম পা, দক্ষিণ পারের সম্মুথে এক গজ দ্বে নিক্ষেপ কর। এই প্রকার প্রথমে দক্ষিণ পা, পরে বাম পা ফেলিয়া চলিবে। অন্য সময় চলিতেও নিকটে নিকটে পা ফেলিয়া চলিও না। যত অন্তরে পা ফেলিয়া চলিতে পার চলিবে। যদি ছই তিন জনে একত্র চল, তাহা হইলে সকলেরই দক্ষিণ পা যেন সমান ভাবে একেবারে, এবং বাম পা যেন সমান ভাবে একেবারে চলে। এটা অভ্যাস করিতে প্রথমে কিছু অস্থবিধা বোধ হইবে,

২ য চিত্র। ত্র চিত্র।



কিন্তু পরে ক্রমশঃ সহজ হইয়া ভীঠিবে। ২য় ও ৩য় চিত্র দেখ।

তয় ব্যায়াম।

দৌড়ান।

দৌড়াইলে শরীরের প্রায় সমস্ত অংশের চালনা হয়।
এজন্য বন্ধ-পূর্বক দৌড়ান অভ্যাস করা উচিত; দৌড়ান
ছই প্রকার, নিকটে নিকটে পা ফেলিয়া ও দূরে দূরে পা
ফেলিয়া। শেষ প্রকার দৌড়ান বিশেষ রূপে ব্যায়ামকারী
দিগের অভ্যাস করা উচিত। কেননা নিকটে নিকটে পা
ফেলিয়া দৌড়াইতে ত্ই পা শীঘ্র ক্লান্ত হয়। দৌড়াইবার
বেগ তিন প্রকার। ধীর-বেগ, মধ্য-বেগ ও ক্রভ-বেগ। ধীর
ও মধ্য বেগে দৌড়ান অভ্যাস করা ব্যায়ামকারীদিগের
পক্ষে বিধেয়, কারণ ক্রভবেগে দৌড়াইতে শীঘ্র ক্লান্তি জন্মে,
এবং ব্যায়ামকারী অধিক কাল ব্যায়াম অভ্যাস করিতে সমর্থ
হয় না। দূরে দূরে পা ফেলিয়া, ধীর-বেগে ও মধ্য-বেগে

দৌডান অভ্যাস করা শ্রেয়:। ৪র্থ, মে ও ৬ঠ চিত্র (मथ ।

৪ র্থ চিত্র। ७ हे हिंछ। ৫ ম চিত্র।

शीद्धत्वर्ग ।

মধ্যবেগ।

ক্রতবেগ।

লক্ষ দেওয়া (লাফান।)

লন্ফন কার্য্যের অভ্যাসে কটিদেশ সবল হয়। লন্ফ দিতে হইলে হুই হাত ঈষহচ্চ করিয়া, ছুই জামু সন্মুথে বক্র-ভাবে রাথিয়া, মন্তক ও বক্ষঃস্থল সন্মুখ ভাগে ঈষদবনত করিয়া, একেবারে হঠাৎ সমস্ত শরীর উর্দ্ধে নিক্ষেপ করিতে হয়। লক্ষন সাধারণতঃ চারি প্রকার; যথা, উর্দ্ধলক্ষন, অধোলক্ষন, পরিসর-লক্ষন এবং মিশ্র লক্ষন। লক্ষ দারা

উচ্চ স্থানে আরোহণ করাকে উর্দ্ধ লক্ষন বলে। লক্ষ দিয়া নিম্ন স্থানে পতিত হওয়াকে অধোলম্ফন বলে। সমান ভূমিতে লক্ষ দিয়া এক স্থান হইতে অন্য স্থানে যাওয়াকে পরিসর-লক্ষন করে। এবং লক্ষ্ দিয়া ভিত্তি বা অন্য কোন প্রকার অবরোধ উল্লেখন করিয়া কোন স্থানে পতিত হওয়াকে িয়ে লক্ষন ক্রিয়াতে উর্দ্ধ লক্ষ্যন ও পরিসর লক্ষ্যন, বা উর্দ্ধ লক্ষন ও অধোলক্ষন, বা পরিসর-লক্ষন ও অধোলক্ষন মিলিত হয় । মিশ্র লক্ষ্ম কছে। এই চারি প্রকার লক্ষনের প্রত্যেক লক্ষন তিন প্রকারে অভ্যাস করিতে হইবে। তাহাদিগকে সম্মুথ লক্ষ্য, পশ্চাৎ লক্ষ্য এবং পার্থ-লক্ষ্য কহে। লম্ফ দারা সন্মুখে অগ্রসর হওয়াকে সন্মুখ লম্ফন, পশ্চাৎদিকে যাওয়াকে পশ্চাৎ লম্ফন, এবং দক্ষিণ অথবা বাম দিকে যাওয়াকে পার্য-লক্ষন বলে।

৪র্থ ব্যায়াম।

मन्त्र ए छेई नक्ता।

একটা পাঁচ বা ছয় হাত লম্বা রজ্জু ভূমি হইতে অর্দ্ধ

হস্ত উর্দ্ধে আড় ভাবে ঝুলাও। * তুই পা সংযত (যোড়) করিয়া সরল ভাবে,রজ্জুর নিকটে দাঁড়াও। তুই পা ঘেন রজ্জু হইতে চারি পাঁচ অঙ্গুলি দ্রে থাকে। তুই পা সংযত করিয়া, একেবারে লক্ষ্ক দিয়ারজ্জু উল্লুজ্মন কর (পার হও)।

্ লক্ষন শিক্ষা করিবার যন্ত্র অতি সাধারণ। ৩।৪ ছাত ব্যব-ধান করিয়া হুইটা পাঁচ ছয় হাত লখা বাঁশ বা কাঠ ভূমিতে পুতিতে চইবে। তুই হাত পরিমাণ ভূমিতলে পোতা থাকিবে এবং তিন চারি হাত পরিমাণ উপরে থাকিবে। যে জংশ উপরে থাকিবে ভাছার অর্দ্ধ হস্ত উপরে এক গাছি অস্থূলি-পরিমাণ যোটা রজ্জু সহজে যাভায়াত করিতে পারে ততুপযুক্ত ছিত্র করিতে চইবে। প্রথম ছিল্লের উপর ক্রমে চারি অলুনি অববে উপয্যপরি কতক ঋণী ছিল করিতে হইবে। প্রথম ছিদ্রের মধ্যে রজ্জু দিয়া, রজ্জুর বাহিরে হুইদিকে হুইটী ভাটা কুলাইতে চইবে। ভাটা যেন অধিক ভারি না হয়। ছুই দিকে पृष्टे ভाँটाতে तब्जू होन किन्ना ताथित। किन् वान्नामकातीत পা ব্যায়াদের সময় যদি রজ্জাতে লাগে ভবে ভংক্রাং রজ্জা শিধিল চইবে। ক্রমে আবশ্যক ও ইচ্ছ। মত ব্যায়মকারী আপনি রজ্জু উচ্চ ও নির করিয়া লইবে। এ ব্যায়াম অভ্যাদের मरण तब्ब करम देख कतिरव हहेरा।

এ সময় হুই পা যেন অসংযত অর্থাৎ ছাড়াছাড়ি না হয়, এবং রজ্জুতেও নালাগে। ৭ ম চিত্র দেখ।

৭ ম চিত্ৰ।



বজ্জ র ছই দিক গৃই খুঁটিতে এ প্রকারে আবদ্ধ করিতে হইবে, যে ব্যায়াম কারীর পা তাহাতে লাগিলেই যেন তংকণাং তাহা ছলিয়া পড়ে। রজ্জু ছই দিকে ছই জন ধরিয়া থাকিলে ভাল হয়, কারণ ব্যায়ামকারীর পা তাহাতে লাগিবা মাত্র রজ্জু-ধারীরা, রজ্জু ছাড়িয়া দিতে পারে। রজ্জু এই দিক যদি অত্যন্ত দৃঢ়রূপে আবদ্ধ থাকে, তাহা হইলে ব্যায়ামকারীর পা তাহাতে আবদ্ধ হইয়া কই-দায়ক হইতে পারে। ব্যায়ামকারীর ছই পা সংযক্ত করিয়া লন্ফ দিতে প্রথমে কঠিন বোধ হইবে, কিন্তু ক্রমে ক্রমে অভ্যাস করিলে সহজ্ব হইয়া বাইবে। ক্রমশঃ রজ্জু উচ্চ করিতে

হইবে। এ ব্যারাম ভালরপে অভ্যাস হইলে, ছই তিন হস্ত উচ্চ রজ্জু, বা অন্য কোন অবরোধ ব্যায়ামকারী অনায়াসে লক্ষ্য দিয়া পার হইতে পারিবে।

৫ম ব্যায়াম।

বাম পাখে উৰ্দ্ধ লক্ষ্যন।

রজ্জু বামে রাখিয়া সরল ভাবে দাঁড়াও। রজজু হঁইতে বাম পা যেন চারি ছয় অঙ্গুলি পরিমাণ দূরে থাকে।

একেবারে ছই পা সংযত (যোড়) করিয়া লক্ষ্ণ দিয়া রজ্জু উল্লভ্যন কর। ক্রমে ছয়বার এই প্রকার অভ্যাস ক্রিতে হইবে।

৬ষ্ঠ ব্যায়াম।

দক্ষিণ পাখে উৰ্দ্ধ লক্ষন

রজ্জুদক্ষিণে রাথিয়া সরল ভাবে দাঁড়াও। দক্ষিন পা যেন রজজুইইতে ৪।৬ আছুলি পরিমাণ দ্রে থাকে।

একেবারে ছুই পা সংযত (যোড়) করিরা লক্ষ্ণ দিরা রক্ষ্যু উল্লক্তন কব। ক্রমে এই প্রকার ছয়বাব স্বস্তাস করিতে হইবে।

৭ম ব্যায়াম।

পশ্চাতে উৰ্দ্ধ লক্ষ্যন 1

রজ্জু পশ্চান্তাগে রাথিয়া সরল ভাবে দাঁড়াও। গুই পায়ের গুল্ফ (গোড়ালি) যেন রজ্জু ইইতে ১। ৬ অঙ্গুলি পরিমাণ অন্তরে থাকে।

একেবারে ছই পা একতা করিয়া রক্ষ্কু উল্লন্ডন কর। এই প্রকার ছয়বার অভ্যাস করিতে হইবে।

পূর্ব্ব তিন ব্যায়াম অপেকা এ ব্যায়াম কঠিন। ইং। সাবধানে অভ্যাস করিতে হইবে।

৮ম ব্যায়াম।

मञ्जू (४ পরিদর-লক্ষন।

ছুই পা সংযত করিয়া ছুই হাত ছুই উরুর বাহির পার্ছে সহজ ও সরল ভাবে রাথিয়া সোজা হুইয়া দাঁড়াও।

পায়ের সমাুথে বাম দিক ্ছইতে দক্ষিণ দিকে একটী সরল লম্বা রেথা টান। সেই রেথার সম্বাধে এক হাত অন্তরে ভাহার সমান্তরাল আর একটা লম্বা রেথা টান।

ছুই পা একত্র (যোড়) করিয়া একবারে লক্ষ্ণ দিয়া চুই রেখা উল্লন্থন কর। এই প্রকার ছন্ন বার অভ্যাস করিতে হইবে। এ ব্যায়াম ভাল অভ্যাস হইলে, প্রথম রেখা হইতে দ্বিতীয় রেখা ক্রমে অন্তর করিবে। ক্রমে ৭৮ হস্ত পরিসর স্থান এক লক্ষ্ণে পার হইতে পারিবে।

উর্দ্ধ-লক্ষ্ণনের ন্যায় পরিসর-লক্ষ্ণন বাম দিকে, দক্ষিণে এবং পশ্চাতে অভ্যাস করিতে হইবে। এ বিষয় বিশেষ বিস্তারিত করিয়া লেখা অনাবশাক।

৯ম ব্যায়াম।

সন্মু পে অধোলক্ষন।

সম্মুথে একথানি বেঞ্চ এবং তছপরি একটি টুল রাথ।
পরে তাহার উপরে আবোহণ করিয়া সরল ভাবে দাঁড়াও,
এবং সম্মুথে নিম্ন দিকে লক্ষ্য দিয়া পড়। উচ্চ ও পরিসব
লক্ষ্যনের ন্যায় নিম্ন লক্ষ্য ও দক্ষিণে, বামে ও পশ্চাৎ দিকে
ক্রমে ক্রমে অভাাস করিতে হইবে।

ত এক খানি বেকের উপর এক খানি টুল রাখিলে যত উচ্চ হয়, তত উচ্চ করিরা তুই দিকে ছুইটা বঁশা কিযা কাঠ পুভিয়া ভাহার উপর আড়ে করিয়া আরে একটা বঁশা কিয়া কাঠ রাখ। ভতুপরি আরোহণ করিয়া নিম-লন্দন অভ্যাস করিতে সুবিধা ছইবে।

এ ব্যায়াম যত অভ্যাস হইবে, ততই অধিক উচ্চ হইতে লক্ষ্ণ দেওয়া ক্রমে অভ্যাস করিতে হইবে। এটী ভাল রূপ অভ্যাস হইলে, একতালা দালানের উপর হইতে লক্ষ্ণ দিয়া পড়িলেও কোন কষ্ট বোধ হইবে না।

লক্ষ্ণ দিবার সময় ছই পা যেন এক স্থানে একেবারে মাটীতে পড়ে। পা অগ্র পশ্চাৎ হইয়া মাটীতে পড়িলে বেদনা লাগিবার এবং সমস্ত শরীরে ঝাঁক্বি লাগিবার সম্ভাবনা।

>০ম ব্যায়াম i

সমুথে মিশ্র-লক্ষন।

ছই পা যোড় করিয়া, ছই হাত ছই উক্তর বাহির পাশ্বে সহজ ও সরল ভাবে রাথিয়া, সোজা হইয়া দাঁড়াও।

অন্ধ উচ্চ এক খানি বেঞ্চ আড় করিয়া সমুখে রাখিয়া, একেবারে ছই পা যোড় করিয়া লক্ষ্ণ দিয়া উল্লেজ্যন কর। এই প্রকার ছয়বার অভ্যাস কর। এটি ভাল রূপ অভ্যাস হইলে, উচ্চ-লক্ষ্ণনেও পরিসর-লক্ষ্ণনের ন্যায় দক্ষিণ দিকে, বাম দিকে ও পশ্চাৎ দিকে বেঞ্চ রাখিয়া লক্ষ্ণ দিয়া উল্লেজ্যন করা অভ্যাস করিবে।

বেঞ্চ উল্লন্থন করা অভ্যাস হইলে তক্তোপোষ পাব

হওরা অভ্যাস করিবে। পরে টেবেল অর্থাৎ মেজ ইত্যাদি লক্ষ্ণ দিয়া উল্লেখন করিতে পারিবে।

ব্যায়ানের জন্য ষস্ত্রাদি প্রস্তুত করিয়া, ব্যায়াম শিক্ষা করি-বার পূর্ব্বে যন্ত্র ব্যতীত কতকগুলি ব্যায়াম-কৌশল শিক্ষা করা উচিত। এই জন্য যে কয়েকটী সাধারণ ব্যায়াম শিক্ষা করিতে কোন যন্ত্রের আবশ্যক হয় না তাহাই প্রথমে উল্লেখ করিলাম।

১১শ ব্যায়াম।

পশ্চাতে হাত মিলান।

় হুই পা যোড় এবং ছুই হাত একত্র কর। ঠিক সোজা ছুইয়া দাড়াও। ছুই হাত সরল ভাবে স্কন্ধের সমান উচ্চ করিয়া, সম্মুখে প্রসারিত ও একত্রিত কর।

ছই হাত ফাঁক করিয়া, এবং বাছ ও হাত সোজা ও সংক্রের সমান উচ্চ রাধিয়া, পশ্চান্তাগে ছই হাতের পৃষ্ঠদেশ একত্র মিলাইতে চেষ্টা কর। চেষ্টা করিলে ক্রমশঃ ছই হাতের পৃষ্ঠ-দেশ একত্রিত হইবে। এ সময়ে শ্রীর সোজা রাধিতে হইবে। এ ব্যায়াম যে পর্যান্ত শিক্ষা না হয়, সে পর্যান্ত প্নঃ পুনঃ অভ্যাস করা কর্ত্ব্য। ইহাতে বক্ষঃস্থল প্রশন্ত হয়।

১২শ ব্যায়াম।

मन्त्रात्थ मूष्टि-नित्कर्भ।

হাত সম্মুথে প্রসারিত করিয়া, ও হাতেব চেটো চিত করিয়া রাথিয়া, পূর্ববৎ দাঁড়াও। ছই হাত মুঠো কর। ছই করুই শীঘ্র এমন ভাবে পশ্চাৎ-ভাগে লইয়া আইস, যেন ছই মুঠো তোমার পার্য দেশ পর্যন্ত আইসে। ছই মুঠো শীঘ্র শীদ্র এমন জােরে পুনর্বার সম্মুথে নিক্ষেপ কর, যেন সম্মুথে কোন ব্যক্তিকে আঘাত করিতে যাইতেছ। যতক্ষণ ক্লান্ত না হও, ততক্ষণ পুনঃ পুনঃ এই ব্যায়ান অভ্যাস কর।

১৩শ ব্যায়াম।

উর্দ্ধে মৃষ্টি-নিক্ষেপ।

পূর্ব্বৎ দাড়াও। ছই হাত মুঠো কর। মুঠো করিয়া ছই
মুঠো স্কন্ধের নিকটে লইয়া আইস, এবং শীঘ্র এরপ জোরে
উত্তোলন কর, যেন উপরিস্থ কোন ন্যক্তিকে আঘাত করিতে
যাইতেছ। পরে জোরে ছই কমুই নীচে লইয়া আইস।
এই প্রকার বারশার কর।

১৪শ ব্যায়াম।

হাত ঘুরান।

সন্মুখে ঈষদবনত হইরা দাঁড়া ও। ছই হাত মুঠো করিরা ছট দিকে প্রসারিত কর। হাত ও বাহু সরলভাবে রাথিয়া ক্রমে ক্রমে মস্তকের উপর আনিয়া উচ্চ কর। পরে সোজা ভাবে সন্মুখ দিরা নিম্নদিকে অবনত কর, ও ঘুরাইয়া পশ্চাৎ দিক দিয়া মস্তকের উর্দ্ধে পূর্বা স্থানে লইয়া আইস। এই প্রকার পুনঃ পুনঃ ঘুরাও। কিন্তু এতাবৎ কাল শরীর যেন পূর্ববং থাকে। ইহাতে বাহু ও সকল অন্ধ সইজ ভাবে পেলিবে।

প্রথমতঃ এ ব্যায়াম কঠিন বোধ হয়, কিন্তু অভাাদ করিতে করিতে ক্রেম সহজ হইরা উঠে।

১৫× ব্যারাম।

পাব্যের অন্ধৃলি দার। ভূমি ম্পশ কবিয়া দাঁড়ান।

উকর বাহির পার্ষে ছই হাত রাগ। এবং সরল ভাবে ছই পারের অঙ্গলির উপব দাঁড়াও। সত দূর পার উচ্চ হও, এবং যত ক্ষণ পাব উচ্চ ভাবে গাক।

এ ব্যায়াম অভাাস হইলে অস্কুলির উপর দাড়াইয়া লক্ষ্

দিবে। দেখিও সে সমন্ত্রন হাঁটুও শরীর সোজা থাকে। এবং পায়ের গুলুফ (গোড়ালি) ভূমি স্পর্শ না করে।

৬৬শ ব্যায়াম।

গুল্ফ দ্বারা পশ্চাৎ--দেশ স্পর্শন।

পূর্ববং দাঁড়াও। পারের গুল্ফ দারা আপন নিতম অর্থাৎ পাছা স্পর্শ কর। প্রথমে দক্ষিণ গুল্ফ, পরে বাম গুল্ক দারা স্পর্শ কর। এই রূপ ক্রমে দীঘ্র দীঘ্র করিজে অভ্যাস কর।

্ ১৭শ ব্যায়াম।

জাতু দারা বক্ষঃস্থল স্পর্ণন।

সরল ভাবে দাঁড়াও। প্রথমে দক্ষিণ জামু, পরে বাম জামু দারা বক্ষঃস্থল স্পর্শ কর। এই প্রকার পুনঃ পুনঃ অভ্যাস কর। সাবধান যেন শরীর সম্মুখে অবনত না হয়।

এই ব্যায়াম অভ্যাস করিলে **জানু**ণয় ক্রমে প্রসারিত হুটবে।

১৮শ ব্যায়াম।

লক্ষ্য ভিল্ফ ছারা পশ্চাৎ-দেশ স্পর্শন।

সরল ভাবে দাঁড়াও। ছই হাত দুই উকর বাহির পাখেঁ রাথ, এবং লক্ষ দিয়া ছই পায়ের গুল ফ দারা একেবারে ছই নিত্য স্পর্শ করিয়া পূর্ববং দাঁড়াও। এই প্রকার পুনঃ পুনঃ অভ্যাস কর।

এ ব্যায়াম অভ্যাস করিবার জন্য, পায়ের অঙ্গুলির উপর কিঞ্চিৎ কিঞ্চিৎ ভর দিয়া লক্ষ্ক দিতে হইবে। যে স্থান হইছে লক্ষ্ক দিবে, ছাই পা পুনরায় যেন সেই স্থানেই আইসে। প্রতি লক্ষ্কে পায়ের অবস্থিতি-স্থান যেন পরিবর্ত্তিত না হয়।

এ ব্যায়াম আক্রমে ক্রমে অভ্যাস হইবে। প্রথমে কঠিন বোধ হইতে পারে, কিন্তু ক্রমে সহজ বোধ হইবে।

১৯শ ব্যায়াম।

জামু দারা ভূমি স্পর্শন।

সরল ভাবে দাঁড়াইয়। ছই পা একত্ত কর। ছই পায়ের
. বৃদ্ধাসূষ্ঠ সমান ভাবে এক লাইনে, এবং ছই হাত উরুদ্ধের
বাহির পাশে রাথ, এবং জাহদুদ্ধের দারা ধীরে ধীরে ভূমি
স্পর্শ কর।

পরে ধীরে ধীরে উঠিয়া সরলভাবে দাঁড়াও। গেন হস্তদর উরু হইতে, এবং বৃদ্ধাসূষ্ঠ স্বস্থান হইতে অপস্ত (ছাড়া) না হয়। এই প্রকার ক্রমাগত বিংশতি বাব কর।

২০শ বাায়াম।

একটী দাহার উপর অবস্থিতি।

সরলভাবে দাঁড়াও। দক্ষিণ পা ভূমিতে রাখিয়া বাম পা উচ্চ কয়। দক্ষিণ জান্তর ভরে অবস্থিতি কর। বাম পদ বেন ভূমি ইইতে উচ্চ ভাবে পাকে। পরে উঠিরা দড়োও। দক্ষিণ পদ্বেন স্থানভূষ্ট নাহয়।

२ > भ वाशिय।

বাম জানু দারা ভূমি স্পর্শন।

দ্কিণ পারের উপর তর দিয়া দাঁড়াইরা, ও বাম ভাঞু বক্রতাবে রাথিরা, বাম পা পশ্চাৎ দিকে লও। বাম হস্ত দারা বাম পদের পাতা ধর। এ সমুরে শ্রীর যেন সোজ। থাকে।

বাম জানু ছারা ভূমি স্পর্শ কর। এবং বাম হতে বাম পদের পাতা ধরিয়াই পুনর্কার উঠিয়া দাঁড়াও! দেখিও দক্ষিণ পদ যেন স্থানভ্রন্ত না হয়। সর্বাদাই যেন এক স্থানে খাকে। এই প্রকার ক্রমে ছুই পায়ে অভ্যাস কর।

এ ব্যায়াম অভ্যাস করিবার সময় বোধ হয় যেন পা কেহ বল-পূর্বক ছাড়াইয়া লইবার চেষ্টা করিতেছে। কিন্তু অভ্যাস করিতে করিতে ক্রমে সহজ হইয়া উঠে।

২২শ বাায়াম।

প্রকারাস্তরে জাত্ম দারা ভূমি স্পর্শন।

এ ব্যায়াম ও পূর্ব্বের মত অভ্যাস করিও। কেবল হস্ত স্থারা পা ধরিও না। অন্য পা যেন স্থানচ্যত না হয়।

২৩শ ব্যায়াম।

প্রণাম করা।

ছই পা একত্র করিয়া, পায়ের অঙ্গুলি সমানভাবে এক লাইনে রাখিয়া, ও ছই হস্ত ছই উক্তর বাহির পাখে সরল-ভাবে রাখিয়া, সরলভাবে দাঁড়াও। ক্রমে ছই পায়ের অন্থলিব উপব সোজা হইয়া দাড়াও, এবং ধীরে ধীরে ছই জায় ব জ করিয়া পায়ের ওলুফের উপর উপবেশন কর। সমত শরীরের ভার ধেন ছই পায়ের অঙ্গুলির উপর থাকে, এবং জান্ধ থেন ভূমি স্পর্শ না করে। এই অবস্থাতে মস্তক ক্রমে ক্রমে সন্মুথে -অবনত পূর্ব্বক ভূমি স্পর্শ করিয়া ক্রমে ক্রমে উঠিয়া দাঁড়াও। দেখিও বেন পায়ের অঙ্গুলি এক ভাবে থাকে।

এ ব্যায়াম প্রথমতঃ অতি হঃসাধ্য বোধ হয়। কিন্তু অভ্যাস করিতে করিতে ক্রমে সহজ হইয়া উঠে।

२ 8 न व राशाम ।

উপবেশন।

সোজ। হইয়া দাঁড়াও। ছুই হাত উক্তর বাহিব পাশ্বে রাথ। দক্ষিণ পা বাম পায়ের বাম পাশ্বে রাথিয়া, ক্লফু সাকুরের ন্যায় দাঁড়াও। এই অবস্থাতে ধীরে ধীরে ভূমির উপর উপবেশন কর। দেখিও পা যেন ক্লফু সাকুরের পায়ের ন্যায়ই থাকে। পুনরায় ধীরে ধীরে উদিয়া দাঁড়াও। দেখিও যেন পা পূর্ক্ষত, ও ছুই হাত •ছুই উক্তর বাহির পাশ্বে পূর্ক্ষবং থাকে।

২৫শ ব্যায়াম।

প্রকারাস্তরে উপবেশন।

সোজা হইয়া দাঁড়াইয়া হস্তদ্ব সক্ষুথে বিস্তার কর, এবং দক্ষিণ পদ সরলভাবে সক্ষুথে উঠাও, যেন উহা শরীরের সহিত সম-কোণ করিয়া থাকে। বাম-জাত্ম ক্রেমে ক্রমে বক্র করিয়া ও দক্ষিণ পা সরল ভাবে রাখিয়া, উপবেশন কর।

পুনরায় ধীরে ধীরে উঠিয়া দাঁড়াও, দেখিও যেন দক্ষিণ পদাও হস্তবয় পূক্ষিবৎ থাকে। ৮ম চিত্র দেখা।

৮ম চিত্ৰ।



এ ব্যারাম শীঘ্র শীঘ্র অভ্যাস করা যায় না। অতি অঞ্চে অল্লে অভ্যাস করিবে। প্রথমে ইহা অসম্ভব বলিয়া বোধ হয় কিন্তু ক্রেমে সহজ হইয়া আইসে। ব্যায়ামকারী যে যত্র-সহ-ব্যায়াম অভ্যাস করিয়াছেন, এবং ভাঁহার শরীর যে সবল হইরাছে, এই ব্যায়াম করিতে পারিলেই তাহার পরিচর পাওরা যার। যে প্রকার দক্ষিণ পদ সরলভাবে সম্মুথে তুলিরা অভ্যাস করিবে, সেই প্রকার বামপদও সরল ভাবে সম্মুথে তুলিরা অভ্যাস করিবে।

২৬শ ব্যায়াম।

मृत्ना इरे भा का अज़ क (न उता।

পদররের অঙ্গুলি একতা করিয়া, হস্তদ্বয় পার্থে প্রায়ারণ পূর্ব্বক, উচ্চ হইয়া পারের অঙ্গুলির উপর দাঁড়াইরা লক্ষ্ক দাও।

৯ম চিত্ৰ।



[্]দক্ষিণ পাবাম দিকে ও বাম পাথকিণ্দিকে, কিরাইয়া দেওয়াকে কাওড়া দেওয়া কছে।

এবং শূন্যেতে ছই পা কাওড়া দিয়া ক্লফগ্রকুরের ন্যায় হইসা, পুনরায় মাটীতে ছই পায়ের অঙ্গুলির উপর পূর্বামত দড়োও।

ন্য চিত্ৰ দেখ।

तिथि । शास्त्र अङ्गूलि (यन शृक्षिव । मत्रल । । ।

২৭শ ব্যাহাম।

প্রাদ দারা হস্ত স্পর্ণন।

সেজা হইয়া দাড়াও। দক্ষিণ হস্ত দক্ষিণ দিকে উদ্যোলন কর, বেন দক্ষিণ বাছ ও দক্ষিণ হস্ত, স্কন্ধের সঠিত সমান উচ্চে সেরলভাবে পাকে। ১০ম চিত্র দেখ।

১০ম চিত্র।



দক্ষিণ হস্ত দ্বারা দক্ষিণ পদ স্পর্শ কর। দক্ষিণ জান্ধু ্যন স্বলভাবে থাকে। এই প্রকার বাম পায়েও অভ্যাস কর।

২৮শ ব্যায়াম।

শুন্যে পন-প্রসারণ।

সোজা হইয়া দাঁড়াও। লক্ষ্ণাও, এবং শুন্দেটে যত দ্র পার হুই পা প্রদারিত কর।

মৃত্তিকা স্পর্শ করিবার পূর্ব্বেই ছই পা একত কর, এবং পূর্ব্ববং পূর্ব্ব স্থানে সরলভাবে দাড়াও।

১১শ চিত্র।



২৯শ ব্যায়াম।

यष्टि উलब्यन-পূर्वक लक्कन।

পদহয় একত করিয়া সোজা হইয়া দাঁড়াও। একটী লাঠি জুই হাতে মুষ্টি হারা দৃঢ়রূপে ধর। ছুই হাত বেন পরস্পার ছুট হস্ত পরিমিত অস্তরে থাকে। সন্মূপে অবনত হও, লাঠি পায়ের অঙ্গুলির সন্মূপে ভূমিতে রাথ, এবং লাফ দিয়া লাঠি উল্লেখন কর। এ সময়ে যেন হস্তদ্বের মৃষ্টি লাঠি হইতে শিথিল না হয়।

পশ্চন্তালে লক্ষ্ণ দিয়া পুনরায় পূর্ব্ব স্থানে ছই পা লইয়া আইস। এই প্রকার পুনঃ পুনঃ অভ্যাস কর।

৩০শ ব্যায়াম।

व्हे रुख भर्या नम्बन ।

ছট পা একত্র করিয়া সোজা হইয়া দাঁড়াও। ছই হাতের মধ্যমাঙ্গুলির অগ্রভাগ পরস্পর স্পর্শ করিয়া সম্মুখে নীচে আন।

তুই •হাতের মধ্য দিরা লক্ষ্ণ দাও। দেখিও এ সময় যেন তুই হাতের অঙ্গুলি পরস্পর সংলগ্নই থাকে। এ প্রকার লক্ষ্ণ অভ্যাস করিতে হইলে এইটা কর্ত্তব্য যে, লক্ষ্ণ দিবার সময় মস্তক অধিক উন্নত না হয়। মনোবোগ-পূর্বক সহজে লক্ষ্ণ দিলেই হইবে। দেখিও হাঁটু যেন চিবুকে না লাগে।

জুতা পাষে দিয়া এ প্রকার ব্যায়াম অভ্যাস করিও না।
আঘাত বিশেষতঃ জুতার গুল্ফ যদি উচ্চ হয়, তাহা হইলে
হাতে লাগিবার সম্ভাবনা।

প্যারেলেল বার।

প্রায় ৫ হস্ত দীঘ, ৪ ইঞ্চি বেধ, ৩ ইঞ্চি পরিসর, এবং উপরিভাগ বত্তাকার, এ রূপ হুইটা কাষ্ঠ খণ্ড, ৪ ফিট উর্দ্ধে ৪টা খুঠির উপর পরস্পর ১৮١>০ ইঞ্চি ব্যবধানে সমান্তরাল ভাবে রাখিবে। ইহাকে পাারেলেল বাব কছে। ইহারা পর-স্পরও নীচেব ভূমির সহিত যেন সমাস্তরাল থাকে। চারিটী পুরী, ১ গজ পরিমাণ মৃত্তিকাতে পুতিয়া রাখিবে। ইহা ইচ্ছা-মত উচ্চ বা নিম কবিয়া প্রস্তুত করা যায়। পাঁচ বংসর বয়সেব (ছाট বালক-দিগের জনা २ कि उे छ छ , मधा-वश्व वालक मिरा व জন্য ৩ ফিট উচ্চ. ও যুবকদিগের জনা ৪ ফিট উচ্চ করিয়া প্রস্তুত করিতে হয়। ইহা বাশের দারাও প্রস্তুত করা যায়। दारभव भारतराम नात मीर्घकाम छात्री छत्र मा, मरशा मरशा, শিথিল হইলে, পরিবর্তুন কবিতে হয়। ইহা কাষ্ঠ দারা প্রস্তুত করিতে হইলে, স্চরাচর শাল অথবা সেওন কাঞ্চের ভাল হয়। কার্ছ সার্যক্ত দেখিরা লইতে হয়।

দি পারেলেল বাব এক স্থান হইতে অন্য স্থানে লইবার জন্য প্রস্তুত করিতে হয়, তবে কাঠের ক্রেমের উপর প্রস্তুত কবা, এবং যোড়ের স্থানে ক্র অর্থাৎ পেচযুক্ত কাঁটার দ্বারা বদ্ধ রংথা, আবিশ্যক। ভাছা হইলে ইচ্ছামত খুলিরা অনায়াদে বাঁধিয়া লওরা যায়।


আমি প্রথমে অল্ল ব্যারে বাঁশেরই প্রস্তুত করিতে প্রামর্শ

দিই। আমি যে যে স্থানে ব্যায়াম শিক্ষা প্রদান করিয়াছি, সকল স্থানেই বাঁশের দ্বারাই প্রায় যন্ত্র প্রস্তুত করাইয়াছি, এবং বালকেরাও তাহাতেই সহজে সকল প্রকার ব্যায়াম শিক্ষা করিয়াছে। যে স্থানে অর্থের অপ্রাচুর্য্য না থাকে, সে স্থানে একেবারে কার্য্যের দ্বারা প্রস্তুত করাই কর্ত্ব্য।

৩১শ ব্যায়াম।

প্যারেলেল বারের উপর আরোহণ।

ছুই হস্ত দারা পাশ্বের ছুইটী বার চাপিয়া ধরিয়া ছুই বারের মধ্যে দাড়াও। লক্ষ্ক দিরা উঠিয়া, ও ছুই বারের উপর ছুই হস্তের ভর দিয়া, সরল ও লম্বভাবে শূন্যে অবস্থিতি কর। ১২শ, ১৩শ, ১৪শ, ১৫শ, চিত্র।



পুনরায় বার হইতে ভূমিতে অবরোহণ কর। এই প্রকার পুনঃ পুনঃ অভ্যাস কর। ১২শ, ১৩শ, ১৪শ, ও ১৫শ, চিত্র দেখ।

৩২শ ব্যায়াম।

भारतत्वन वास्त्र (मानन।

১২শ চিত্রের ন্যায় ছই বারের উপর ছই হস্তের ভর দিয়া
শূন্যেতে লম্বভাবে থাক। ছই পা সরলভাবে একতা কর।
এই অবস্থাতে পশ্চাতে ও সমাুণে পদ দারা ছলিতে আরম্ভ
কর। দোলন ক্রমে এমত বৃদ্ধি কর যে, সমাুণে ছলিতে
ছলিতে পদদ্ধ যেন প্রায় মন্তক অপেক্ষা উর্দ্ধে উঠি। ১৬শ ও
১৭শ চিত্র দেখ।

১৬শ, ১৭শ, চিত্র।

৩৩শ ব্যায়াম।

প্যারেলেল বারে হস্ত ছারা গমন।

গুট হাত গুই বারের উপরে দিয়া সোজা হইয়া হাতের উপর ভর দিয়া দাঁড়াও।

ছই পা শূন্যে রাখিয়া, ও ছই হাতের উপর ভর রাখিয়া, ছই হাত দিয়া ধীরে ধীরে বেড়াও। ছই পায়ের কার্য্য ছই হস্ত দারা সম্পাদন কর। এই প্রকারে যখন ছই বারের শেষ পর্যান্ত যাওয়া হইবে, তখন ধীরে ধীরে হাতের উপর ভর দিয়া পশ্চাৎ দিকে ফিবিয়া আইস। এ সময়ে ছই বাছ মেন সরলভাবে থাকে, ও ছই ক্ষম্ম যেন কর্ণের নিকট পর্যান্ত না যায়। এবং শীঘ্র শীঘ্র গমন করিতে শীঘ্র চেষ্ঠা করিও না।

ইহা অভাাস করা নিতান্ত সহজ ব্যাপার নহে। প্রথমে দেখিতে সহজ বোগ হয়, কিন্তু অভ্যাস করিতে গেলে কঠিন বোধ হয়। অতএব জ্ঞান ক্রমে অভ্যাস করিতে হইবে।

্৪শ ব্যায়াম।

প্যারেলেল বারে ইংরাজি \mathbf{L} (এ লূ) অক্ষর হওয়া।

ইংরাজি এল অক্ষরের মত হইতে হইলে, ছই বারের উপরে ছই হাতের ভর দিয়া শূনো সোজা হইরা দাড়াও। ছই পা বারের সমান উর্দ্ধে উত্তোলন কর। ছই জামু সোজা রাথ। ছই উরু শরীরের সহিত যেন সমকোণ হইয়া থাকে। (ইংরাজি এল, আকৃতি হইল।)

পুনরায় ছই বারের মধ্যে সোজা হইয়া দাঁড়াও। ছই হাত বারের নীচে দিয়া বাহিরে লইয়া বার চাপিয়া ধর। তাহাতে বুলিয়া পুনরায় ইংরাজি এল আফুতি হও। ১৮ চিত্র দেখ।

১৮শ চিত্ৰ।



এই ব্যায়ামে কটিলেশে বল হয়। ইহা অভ্যাস করা নিতান্ত আবশ্যক।

৩৫শ ব্যায়াম।

প্যারে,লেল বারের উপর উপবেশন।

ছই হাত ছই বারের উপর রাখিয়া, ও ছই হাতের উপর ভর দিয়া, শূন্যেতে পা ঝুলাইয়া দাঁড়াও। সম্মুখদিকে পা ঝুলাও, বলপূর্বক বেগে এক দিকেব বারের উপর আরোহণ কর। তথন ছই পা যেন বারের বাহিরে ঝোলে, এবং পাছা যেন বারের উপরে থাকে। এই প্রকার ছই দিকের বারে ক্রমে উঠিয়া বসিবে। ১৯শ চিত্র দেখ।

১৯শ, চিত্র।



আর একটু বলপূর্বাক বেগে উচিলেই বার উন্নত্ত্বন করা নায়। ইহাকে বার ডিক্সান বলে। সাবধান, যেন ত্ই জান্ত ও পারেব অস্থানি বারে না লাগে।

৩৬শ ব্যায়াম।

প্যাবেলেশ বারে প্রকারাস্তরে উপবেশন। তুই হাতেব উপব ভর দিয়া শূন্যেতে থা ঝুলাইয়া ব.রের উপর দাড়াও। ত্বই পা ঝুলাইয়া, বলপূর্বক বেগে এক কালে তুই হাতের সন্মৃথে, তুই বারের উপর অশ্বারোহণের ন্যায় উপবেশন কর। তুই পা তুই বারের বাহিরে ঝুলিবে।

পরে বেগে বল প্রকাশ পূর্ব্বক ছই পা ছই বাবের মধ্যে আনিয়া, ছই হাতের পশ্চান্তাগে পূর্ব্বে যে মুখে বিসরাছিলে তাহার বিপরীত দিকে মুখ ফিরাইয়া, অশ্বে আরোহণের ন্যায় ছই বারের উপর বসিবে। এ সময়ে ছই হাত যেন ছই বার ছাড়া না হয়, পূর্ব্বিৎ বারে যেন মংলয়ই থাকে এবং ছই পা যেন বাহিরে লম্বমান থাকে।

৩৭শ ব্যায়াম।

বক্ষংস্থল প্যারেলেল বারে সমান উচ্চ করিয়া রাখানে

তুই হাতে বার ধরিয়া, হাতের উপর ভর দিয়া ও তুই পা শুনো লম্বভাবে রাথিয়া দাঁড়াও।

এই অবস্থাতে বক্ষঃস্থল ক্রমে ক্রমে অবনত কর। ছুই কন্থই যেন বক্র হইয়া কিঞিৎ পশ্চাৎ দিকে যায়, এবং ছুই বারের সহিত সমান ভাবে উচ্চ থাকে।

এই অবস্থাতে কিঞ্চিৎকাল থাকিয়া প্নরায় উঠিয়া পুর্কবং হও। এ ব্যায়াম অভ্যাস হইলে বক্ষঃস্থল প্রসারিত হয়। ২০শ চিত্র দেখ।



৩৮শ ব্যায়াম।

প্যারেলেল বারের উপরে লক্ষ্ম।

ঠেই হাতে ছই বার ধরিয়া, হাতের উপব ভব দিয়া পা ঝুলাইয়া দাঁড়াও। ছই হাতের স্থারা পুনঃ পুনঃ লক্ষ্য দিয়া ছই বারের উপব চল।

ইহা অভ্যাস করিতে গুই জাত্ব প্রথমে কিছু বক্রভাবে রাথ। ক্রমে গ্রই জাত্ব সর্বাভাবে রাথিয়া অভ্যাস কর।

হস্ত দ্বারা এই প্রকার অভ্যাস হইলে, ছই জান্থ সরলভাবে এবং ছই পা লম্বভাবে রাথিয়া, পশ্চাৎ দিকে ও সমুখদিকে বারের বাহিরে লম্ফ দিয়া ভূমিতে দাঁড়াও। পারের অঙ্গুলি বা জান্ধ বারে যেন না লাগে।

৩৯শ ব্যায়াম i

প্যারেলেল বারের সমাস্তর হওয়া।

ছুই হস্তে ছুই বার ধরিয়া, হস্তের উপর ভর দিয়া, পা শূন্যে লম্বিত রাখিয়া দাঁড়াও। ছুই কমুই বক্র করিয়া, হস্তের প্রকোষ্ঠ ভাগ অর্থাৎ কমুই হইতে কব্জা পর্যান্ত বারের উপর রাখিয়া, পা ও শারীর বারের সমাস্তর করিয়া রাখ।

এই অবস্থাতে শরীর ও পা শ্ন্যোপরি রাথ। ছই কমুই যেন বার হইতে অপস্ত না হয়। ২১শ চিত্র দেখ।

২১শ চিত্ৰ।



কিছুকাল এই রূপ লম্বিত থাড়িয়া, পুনরাগ চুই হাতের উপর ভর দিয়া উচিয়া পুর্ববিৎ দাঁড়াও। পুনঃ পুনঃ এই প্রকার অভ্যাস কর।

৪০শ ব্যায়াম।

বারের উপর দণ্ডারমান হওয়া।

এ ব্যারাম শিক্ষা করিলে কার্য্য দর্শে। এক দিকের বারের উপর বসিয়া এক পা বারের উপর রাথ। আর এক পারের অঙ্গুলি বারের নীচে দিয়া ঘুরাইয়া ধর, এবং ছই হাত শূন্যে নিক্ষেপ করিয়া শরীর স্থির রাথ। ২২শ চিত্র দেখ।

২২শ চিত্ৰ।



বারের নীচের পারের অঙ্গুলি টানিয়া লইয়া বারের উপর সোজা হইয়া দাঁড়াও, এবং হুই পা বারের উপর এক স্থানে কর

পূর্ব্বের ব্যায়াম সকল ভাল স্মভ্যাস না হইলে এ ব্যায়াম অতি কঠিন বোধ হয়।

৪১শ ব্যায়াম।

প্যারেলেল বারে বাজিকরা।

বারের এক সীমা ছই হাতে ধরিয়া ইংরেজি এল আুক্তি

হও। এই অবস্থায় ডিগবাজী খাও, অর্থাৎ ক্রমে হুই পা উর্দ্ধ দিকে লইয়া আইস। এ সময় হুই হাঁটু যেন সোজা থাকে।

পুনরায় বেগে উল্টা পাকে ছই পা ঘ্রাইয়া পূর্ববং হও।

এ সময়েও ছই জালু যেন সোজা থাকে এবং ছই পা যেন
ভূমিতে সংলগ্ন না হয়। ২৩শ, ২৪শ, ও ২৫শ, চিত্র দেখ।

২৩শ, ২৪শ, ২৫শ চিত্র।



৪২শ ব্যায়াম।

প্যারেলেল বাত্তে হস্তপদ সংলগ্ন করিয়া শরীর ঝুলাইনা রাখা।

তুই হাতে তুই বার ধ্রিয়া জানুদ্রের দ্বারা বারের উপর বসিয়া ক্রনে ক্রমে তুই হাত সন্মুথে ও তুই পা পশ্চাতে প্রসা রিত কর।

তৃই হস্ত ও পদ দ্বারা ছই বারের তৃই দিক ধর এবং শরীর ক্রমে ঝুলাইয়া দাও।

উদর ও কটিদেশু লম্বিত হইয়া পড়িবে। হাতে ও পায়ে তুই দিকের বার ভাল করিয়া ধরিবে। ভয় পাইখনা। পুনর্কার ধীরে ধীরে পূর্ববং হইয়া উঠ। ২৬শ চিত্র দেখ

২৬শ, চিত্ৰ।



৪৩শ ব্যায়াম।

প্যারেলেল বারের এক বার হইতে হস্ত লইয়া অন্য স্পর্শ করা !

ছই হাতে ছই বার ধরিয়া ছই হাতের উপর ভর দিয়া শুন্যেতে ছই পা ঝুলাইয়া দাঁড়াও।

হঠাৎ বেগে দক্ষিণ দিকের বার হইতে দক্ষিণ হস্ত লইয়া বাম দিকের বার স্পর্শ করিয়া, পুনরায় তৎক্ষণাৎ সেই দক্ষিণ হস্তে দক্ষিণ দিকের বার ধর।

এই প্রকার বাম হস্ত দারা দক্ষিণ দিকের বার স্পর্শ কর। দেখিও যেন পড়িয়া যাইও না।

এটা অভ্যাস হইলে হাত পশ্চাৎ দিক দিয়া লইয়া বার পর্ব্ববং স্পর্শ কর।

হরিজণ্ট্যাল বার।

এটা অতি দাধারণ যন্ত্র। ছইটা খুঁটির উপর একটা ল**মা**

গোল পরিষ্কৃত বাঁশ আড় ভাবে পড়িয়া থাকে। তাহাকে হরি- , জন্ট্যাল বার কছে।

যে ব্যক্তির ব্যায়ামের জন্য ইহা প্রস্তুত হয়, তাহার আপ-নার উচ্চতা অনুসারে ইহার খুঁটির উচ্চতা হওয়া উচিত, যাহাতে ব্যায়ামকারী সরল ভাবে দাঁড়াইয়া ঈষৎ লক্ষ্ক দিয়া ধরিতে পারে।

হরিজণ্ট্যাল বার কিছু উচ্চ হওয়া আবশ্যক। ইহা ৪ হস্ত হইতে ৫॥ বা ততোধিক দীর্ঘ হওয়া বিধেয়।

সেগুণ বা শাল কাঠের হইলে ভাল হর। উহা উত্তমরূপে পরিষ্কার করিয়া গোল করিতে হয়। ইহাতে ধার যেন না থাকে। কারণ তাহা হইলে হাতে আঘাত লাগিবে। কাঠ অভাবে ভাল পাকা বাঁশের দ্বারা প্রস্তুত করিলেও হইতে পারে।

ছই দিকের খুঁটি কাঠের হইলে ভাল হয়। শালও, সেগুণ কাঠের খুটিই ভাল। কাঠ অসার না হয়, কিম্বা তাহাতে গিরা যেন না থাকে।

খুঁটি ঘুই হাত পরিমাণ যেন মৃত্তিকাতে পোতা থাকে এবং উহার গর্তু যেন ইষ্টকাদি কঠিন দ্রব্যের দারা বন্ধ করা হয়। মৃত্তিকা দারা গর্ত্ত প্রাইলে, কিছু কাল নাড়া চাড়া করিলে ব্যায়ামের সুময় খুঁটি ঠিক থাকে না।

হরিজণ্ট্যাল বারের ন্যায় খুঁটিও বাঁশের প্রস্তুত করা যায়।


প্রতি খুঁটির ছই ধারে ছইটী ঠেক্না দিলে শক্ত ইইবে এবং ব্যায়ামের সময় ঠিক থাকিবে।

হরিজন্ট্যাল বার বহু প্রকারে প্রস্তুত করা যাইতে পারে।

হরিজন্ট্যাল বারের হুই পাশ্ব। সন্মুথ পাশ্ব ও পশ্চাৎ পাশ্ব। বারের যে পাশ্ব ব্যায়ামকারীর সন্মুথে থাকে সেই পাশ্ব কৈ বারের সন্মুখ-পাশ্ব, এবং তাহার বিপরীত পাশ্ব কৈ বারের পশ্চাৎ-পাশ্ব কহে। ব্যায়ামকারী এই দুইটী বিষয় ভাল করিয়া মনে রাখিবেন,কেননা ব্যায়ামের সময় ইহার আবশ্যক হইবে।

ু ৪৪শ ব্যায়াম। সমস্ত অঙ্গুলি উপরে রাখিয়া হরিজণ্ট্যাল বারের সমুখ পার্যধরা।

মৃত্তিকা হইতে ঈষৎ লক্ষ্ণ দিয়া ছই হাতে বার চাপিয়া ধর। ২৭শ চিত্ত্র দেখ । ২৭শ. চিত্র।



বাবের সন্মূথ দিকে হাতের তালু যেন সংলগ্ন হয়, এবং সমস্ত অঙ্গুলি যেন বাবের উপর দিকে লগ্ন হইরা থাকে।


৪৫শ ব্যায়াম !

সমস্ত অঙ্গুলি উপরে রাখিয়া হরিজ্ঞাল বারের পশ্চাৎ পার্য'ধরা।

মৃত্তিকা হইতে ঈষৎ লক্ষ দিয়া বারের পশ্চাৎ দিক চাপিয়া ধর। হাতের তালু যেন বারের পশ্চাৎ দিকে সংলগ্ন হয়, এবং সমস্ত অঙ্গুলি যেন বারের উপরে লগ্ন হইয়া থাকে। কিছু কাল কুলিয়া নিমে নাম।

৪৬শ ব্যায়াম।

হত্তের র্দ্ধাঙ্গুর্ভ স্বতন্ত্র করিয়া হরিজন্ট্যাল বারের সম্মুথ ধরা।
৪৩শ, ব্যায়ামের ন্যায় বারের সম্মুথ পার্শ ধর।
২৮শ, ২৯শ চিত্র।



পরে বৃদ্ধান্ধূলি অন্যান্য অনুলি হইতে স্বতন্ত্র করিয়া, তাহার দারা বারের নিম ভাগ ধর এবং বারের সহিত দৃঢ়-রূপে সংলগ্ন কর। কিয়ৎকাল এই ভাবে থাকিয়া নীচে নাম। ২৮শ ও ২৯শ চিত্র দেখ।

৪৭শ ব্যায়াম।

বৃদ্ধাঙ্গুষ্ঠ স্বতন্ত্র করিয়া হরিজন্ট্যাল বারের পশ্চাৎ পার্শ ধরা।

'৪৪শ ব্যায়ামের ন্যায় বারের পশ্চাৎ পার্শ্বর।
পরে বৃদ্ধাঙ্গুলি অন্যান্য অঙ্গুলি হইতে স্বতন্ত্র করিয়া বারের
নীচে, এবং বারের সহিত দৃঢ়-রূপে সংলগ্ন কর। কিয়ৎকাল
এই রূপে ছলিয়া নীচে নাম। ২৯শ চিত্র দেখ।

৪৮শ ব্যায়াম।

হরিজাণ্ট্যাল বারে দোলন।

नम्क मित्रा छैठिया छूटे रुख दाता वात थत। छूटे रुख्य त्रक्षांश्रृति ও अन्याना अञ्जूति त्यन वात्तत এक निःक मःनध्य थारक। এবং দোল। 🕹

শরীর ও জাত্ব যেন সরলভাবে থাকে। এইটী মনোযোগ পূর্ব্বক অভ্যাস করিতে হইবে।

८नथिও रयन এ সময়ে শরীর বক্র হইয়া ঘুরিয়া না বায়।


প্রথমে বাম হন্তে, পরে দক্ষিণ হন্তে দোলন অভ্যাস করিতে হইবে। ২৮শ চিত্র দেখ।

৪৯শ ব্যায়াম।

হরিজণ্ট্যাল বার ধরিয়া গমন।

বার ধরিয়া দোল, এবং ছই হাতে, অগ্র পশ্চাৎ করিয়া, বারের এক দিক হইতে অপর দিকে যাও। যে প্রকারে এক দিক হইতে অন্য দিকে যাইবে, ধীরে ধীরে পুনরায় সেই প্রকারে ফিরিয়া আদিবে।

৩ ০শ চিত্ৰ।



ছুই পা যেন সোজা থাকে ও পরস্পরকে যেন আঘাত না করে। যথন এটা ভাল রূপ শিক্ষা হইবে তথন বারের ছই পার্থে একেবারে ছই হস্ত ছারা গমন করা অভ্যাস করিবে।
তেল চিত্র দেখ।

৫০শ ব্যায়াম।


हतिक्रिका वाद्य वक्रः खन मः नध करन ।

· t (

বার ধরিয়া ঝুলিয়া ক্রমে সমস্ত শরীর সরল ভাবে রাখিয়া উশরে টানিয়া তোল, এসমর বক্ষ:ছল যেন বার স্পর্শ করে। পরে ক্রমে ক্রমে শরীর নীচে লইয়া আইস। কিছু কাল ঝুলিয়া থাকিয়া পুনরায় শরীরকে পুর্ববং বেগে উপরে উঠাওৢ এইটি পুন: পুন: অভ্যাস করিতে হইবে। এইটী অভ্যাস হইলে অন্যান্য কঠিন ব্যায়াম সহজ বোধ হইবে।

এইটী অভ্যাস করিবার সমর হুই পা সরল ভাবে রাণিতে ₹ইবে।

যথন দেখিবে ক্রমাধরে > । । ২ বার এ ব্যারাম অভ্যাস করিলেও বিশেষ পরিশ্রম বোধ হয় না, তখন বুরিবে এইটী অভ্যাস হইরাছে। ৩১শ চিত্র দেখ। ত্যপ চিত্ৰ।



৫১ वराश्चाम ।

প্রকারাস্তরে হরিজন্ট্যাল বার ধরিয়া দোলন।

এ ব্যায়ার অভ্যাস করিতে হইলে, হরিজ্ঞীয়াল বার বিশেষ দৃদ্ করিয়া প্রস্তুত করিতে হইবে।

ছুই দিকের খুঁটি যেন ভাল রূপ পৌতা থাকে। বারের ছুই দিক যেন খুঁটির সহিত ভাল রূপ বৃদ্ধ খাকে, যেন কোন ক্রমে শিথিল অথবা ভগ্ন না হুঁর।

বার ধরিয়া দোল, এবং ঘড়ির পেঞ্লম বা দোলনের ন্যায় ক্রমে ছুলিতে থাক। ক্রমে দোলন অধিক কর, বে পর্যান্ত পড়িয়া যাইবার উপক্রম না হও। প্রথমে এ বাারাম অভ্যাস করিতে ভর করে। যথন ক্রমে অভ্যাস হইবে তথন সমূলার শরীর ছলিয়া বারের সমান উচ্চে উঠিবে। ছই হান্ত কেবল বারের সহিত সংলগ্ধ মাত্র থাকিবে। ৩২শ ও ৩৩শ চিত্র দেখ।

७२म हित्त ।

৩৩শ চিত্ৰ।



৫২ वांश्राम ।

বুহৎ চক্র।

এইটা অতি আশ্চর্যা বাারাম। বাবে পূর্ববং দোল। বখন পশ্চাং দিকে উচ্চ হও, তখন সমস্ত শরীরের জোর দিয়া ডিগ্বাজী থাইরা 'একবারে বারের উপর দিয়া খুরির। জাইস।

পূর্ব ব্যায়াম যাহাদিগের অভ্যাস হর নাই তাহারা যেন এ ব্যায়াম অভ্যাস করিতে চেষ্টা বা করে। ৩৪ চিত্র দেখ। ৩৪শ চিক্র।



৫৩ ব্যায়াম। পদ ধারা হরিজণ্ট্যাল বার স্পর্শ করা।

ছুই হাতে বার ধরিরা ছলিরা, ক্রমে ক্রমে শরীর উপরে ভূলিরা ছুই পারের তলার ছারা বার স্পর্শ কর। এ সমরে ছুই পা একত্র রাধিতে হইবে।

সমস্ত শরীরের ও মাথার ভর ছই হাতের উপর রাখিবে। বেগে ঝাঁকি দিয়া এ ব্যায়াম অভ্যাস করিও। ৩৫শ চিত্র।



ক্রমে ক্রমে নাচে নাম। এ ব্যায়াম প্রথমে কঠিন বোধ হইবে কিন্তু অভ্যাস শারা সহজ হইয়া যাইবে। ৩৫শ চিত্র দেখ।

৫৪ ব্যায়াম।

হরিজণ্ট্যাল বারের উপর বেগে আরোহণ করা।

ছুই হাত দিয়া বার চাপিয়া ধরিয়া বক্ষের দারা বার স্পর্শ কর। তাহার পর হঠাৎ বেগ দিয়া ছুই হস্তের উপর ঠেলিয়া উঠ।

এই রূপ ঠেলিয়া উঠিবার সময় প্রথমে দক্ষিণ হস্তের, পরে বাম হস্তের উপর, এবং তৎপরে একেবারে ছই হস্তের উপর ভর দিয়া ঠেলিয়া উঠিবে। এ সময় হস্তবয় মেন সোজা হয়, এবং ছই উরুর উপরিভাগ যেন বার স্পর্শ করে। ৩৬শ ও ৩৭শ চিত্র দেখ।

ও ওণশ চিত্র দেখ।

ত্র ৬৭শ চিত্র।

ত্র ২০শ চিত্র।

এ ব্যায়াম অভ্যাস নময়ে শরীর বার হইতে অঙ্গুলি প্রমাণ দূরে রাথা ভাল, কেন না বারের সহিত শরীর সংযোগ হইরা থাকিলে, ব্যায়ামের ব্যাথাত হইবার সম্ভাবনা। ৩৮শ চিত্র দেথ।

৩৮শ চিত্ৰ।




৫৫ ব্যায়াম।

হরিজণ্ট্যাল বারে বাজী করা।

ছই হাত দিয়া বাবে ঝুলিয়া, পায়ের দারা বার স্পশ করিবার সময় যেরূপ পা উত্তোলন করিতে হয়, সেই প্রকার পা উত্তোলন কর। কিন্তু বারে পাদ স্পর্শ না করিয়া, অল্লে অল্লে পশ্চাৎ দিকে ঝুলাইয়া দাও। পরে যত ক্ষণ পার ততক্ষণ এই ভাবে ঝুলাইয়া, পুনরায় ছই পা ফিরাইয়া আনিয়া ভূমিতে দাঁড়াও। ৩৯শ চিত্র দেখ।


৩৯শ চিত্র।



৫৬ ব্যায়ামু।

হরিজন্ট্যাল বার প্রদক্ষিণ।

বার ধরিয়া ঝুলিয়া শরীর ও পা উর্দ্ধে নিক্ষেপ কর, বেন বারে পদাঘাত করিতে যাইতেছে। কিন্তু তাহা না করিয়া, ছই পা সোজা ভাবে রাথিয়া, বল-পূর্ব্বক বেগ দিয়া একেবারে বারের উপর দিয়া প্রদক্ষিণ করিয়া পুনরায় ভূমিতে নাম। পর পৃষ্ঠায় ৪০শ চিত্র দেখ।



৫৭ ব্যায়াম।

হরিজণ্ট্যাল বারে ইংরেজী এল্ (L) অক্ষর হওয়া।

ছই হাত দিয়া বার ধরিয়া দোল, এবং ছই পা উর্দ্ধ দিকে উত্তোলন কর। শরীরের সহিত সম-কোণ ভাবে ছই পা তুলিয়া রাখ। পা মাটীতে নামাইবার পূর্ব্বে এক ছই করিয়া পঞ্চাশ পর্যাস্ত গণনা কর। তৎপরে পা মাটিতে নামাও। ৪১শ চিত্র দেখ।

৪১ শ চিত্র।



ব্যায়াম শিক্ষা—১ম ভাগ। ৬১

৫৮ ব্যায়াম।

ছাত ও হাঁটু দিয়া হরিজন্ট্যাল বার প্রদক্ষিণ।

হরিজ্বন্টাল বার হুই হাতে ধর। এক পায়ের হাঁটুর পশ্চাৎ ভাগ দিয়া বার টিপিয়া ধর, অন্য পা নীচে ঝুলাইয়া দিয়া ছলিয়া পিছন দিকে উল্টীয়া পড়, এবং বেগে ঘ্রিয়া আইস।

যথন পশ্চাৎ দিক্ দিয়া ঘোরা বিলক্ষণ অভ্যাস হইবে, তথন সন্মুথ দিয়া ঘোরা অভ্যাস করিবে। সে সময় ছই হাতে বারের পশ্চাৎ দিক্ ধরিতে হইবে, এবং ছই পা পরস্পর অন্তরিত করিয়া ঘুরিতে হইবে।

৫৯ ব্যায়াম।

হস্ত পদ হরিজন্টাল ঝারে সংলগ্ন করিয়া শরীর ঝুলান।

তুই পারের তলার উপরি-ভাগের ধারা দৃঢ় রূপে বার ধর,

এবং এই অবস্থায় ছই বাহুর মধ্য দিয়া সমস্ত শরীর বাহির

করিয়া দাও। এসময় তুই পা যেন বারেতেই সংলগ্ন থাকে,

এবং হাত দিয়া যেন বার ধরা থাকে। এই ভাবে যতক্ষণ পার থাক, পরে পূর্ববিৎ হও। ৪২শ চিত্র। ৪২শ চিত্র।



৬০ ব্যায়াম।

হরিজন্টাল বারে ফড়িও হওয়া।

বারের উপর পা ঝুলাইয়া বসিয়া ছুই হাত দিয়া বার দুডরুপে ধর। পরে ধীরে ধীরে সম্মুখে গড়াইয়া (বার প্টের ৪৩শ চিক্র।



ব্যায়ম শিক্ষা—১ম ভাগ। ৬৩

উপরিভাগ স্পর্শ করা পর্যান্ত) নাম। এই অবস্থাতে ছুই হাত ফড়িঙ্গের ছুই পায়ের ন্যায় উপরে উচ্চ করিয়া রাখ। পুনরায় শরীর উত্তোলন করিয়া বারের উপর পূর্ববং বসো। এ অতি কঠিন ব্যায়াম। ইহা অভ্যাস করিতে ছুই কাঁধ অত্যন্ত ক্লিষ্ট হয়। কিন্তু অভ্যাস করা নিতান্ত কর্তব্য। ৪৩শ চিত্র দেখ।

৬১ ব্যায়াম।

হরিজ্ট্যাল বারের উপর দাঁড়ান। বারের উপরে বসিয়া হুই পা পরস্পর অস্তরিত কবিয়া কুলাইয়া দাও, এবং ছুই পায়ের মধ্য দিয়া বার ধর।

৪৪শ চিত্র।



বৈগে উঠিয়া বারের উপরে ছই পায়ের তলা লইয়া আইস, এবং সাবধানে বারের উপরে দাঁড়াও।

এ ব্যায়ামে যত কৌশন আবশ্যক, বল তত আবশ্যক করে না। ৪৪শ চিত্র দেখ।

৬২ ব্যায়াম।

হরিজণ্ট্যাল বারে জাতু সংলগ্ন করিয়া ঝোলা।

বারের উপর বসো, এবং হুই হাতে বার ধরিয়া পশ্চাদিকে নামিয়া পড়। জান্ত বক্রভাবে রাথ, এবং তাহার দারা বার টিপিয়া ধরিয়া মস্তক ঝুলাইয়া রাথ।

হুই জাত্মর দারা দোলা অভ্যাস হুইলে, একটী জাত্ম খুলিয়া লইয়া কেবল অপর জাত্মর দারা ছলিতে অভ্যাস কর। জাত্মর দারা দৃঢ় করিয়াবার ধরিতে হুইবে। ৪৫শ চিত্র দেণ। ৪৫শ চিত্র।



৬৩শ ব্যায়াম।

হরিজ ট্যাল বারে পারের পাতা সংলগ্ন করিয়া ঝোলা।

ছুই হাতে বার ধরিয়া হুই পা বারের উপর উত্তোলন কর, এবং হুই পায়ের পাত। বারের উপরি ভাগে দিয়া দৃঢ় করিয়া চাপিয়া ধর। ছুই হাত বার হইতে ছাড়িয়া দিয়া এবং শরীর না দোলা-ইয়া, সম্যক্ রূপে নিম্নে ঝুলাইয়া রাখ।

যদি শরীর পুনরায় পূর্ববং উঠাইতে না পার, তবে ছই হাত অগ্রে ভূমিতে দিয়া পরে ছই পা ভূমিতে নামাও। ৪৬শ চিত্র দেখ।

৪৬শ চিত্ৰ।



৬৪ ব্যায়াম।

হরিজণ্ট্যাল বারে কন্থই স্থাপন।

হরিজণ্ট্যাল বার ছই হাতে ধরিয়া বারের উপর উঠিয়া, হাতের প্রকোষ্ঠ (কবুজা হইতে করুই পর্যাস্ত মধ্যবর্তী স্থান) বারের উপর রাথ। এবং শরীরের সমস্ত ভার তত্পরি রাবিয়া শ্নো শরীর ঝুলাইয়া রাথ। ৪৭শ চিত্র দেখ। उन्म हिस्स् ।



৬৫ ব্যায়াম। ওঠ দারা হরিজন্ট্যাল বার স্পর্শন।

পূর্ববং উঠিয়া জঙ্ম। ও কটিদেশ দ্বারা বার স্পর্শ করিয়া, ও ধীরে ধীরে অবনত হইয়া, ওঠ দ্বারা বার স্পর্শ কর।

৬৬ ব্যায়াম।

মান্তল বা ভুপারি গাছে আরোহণ।

ইহাতে সাধারণতঃ হাত ও ছুই পা ব্যবহার করিতে হর। ছুই হাত ও ছুই পা অগ্র পশ্চাৎ করিয়া ধীরে ধীরে ক্রমে ক্রমে উচ্চে উঠিতে হয়। দেখ সমস্ত শরীর মান্তলে না লাগিয়া, মান্তল হইতে যেন অন্তরে থাকে। ৪৮ চিত্র দেখ।

৪৮শ চিত্র।



৬৭ ব্যায়াম।

প্রকারাস্তরে মাস্তলে আরোহণ।

পূর্ব্বের ব্যায়াম অভ্যাস হইলে এ ব্যায়াম অভ্যাস করিতে হইবে।

হুই হাত দিয়া মান্তল জড়াইয়া ধরিয়াও মাস্তলের হুই পাম্বে হুই পা আবদ্ধ করিয়া, পরে ঐ স্থান হুইতে হুই হাত লুইয়া মান্তলের উচ্চতর অংশ ধরিবে। তথন শরীর ও পা মান্তনের সহিত সরল ভাবে সংলগ্ন হইবে। পরে ছই হাতে দৃঢ় রূপে মান্তল ধরিয়া, ছই পা একবারে ছাড়িয়া দিয়া পুনরায় মান্তলের উচ্চতর অংশ পারের দারা ধরিবে। এই প্রকারে মান্তলে ওঠা প্রথমে আতে আত্তে অভ্যাস করিবে। ভালরূপ অভ্যাস হইলে, ক্রতবেগে ওঠা অতি সহজে, অভ্যাস হইবে।

প্রথম ভাগ।

नमाश्च ।

REGISTERED AND ALL RIGHTS RESERVED UNDER ACT XX of 1847

বিজ্ঞাপন।

ব্যায়াম শিক্ষা।

প্রথমভাগ।

মলা
কাঠালপাড়া বকলপন কার্যালযে,
কলিকাড়া ৫৫ নং কালেজ ষ্ট্রীট ক্যানিংলাউরেবিতে,
... বেচ চাটুর্যোর ষ্ট্রীট কংস্কৃত জিপজিটাবিতে.
বিক্রমার্থ প্রস্তুত আছে।
কেছ্ ১০ খণ্ডের অভিবিক্ত লাইলে শাল হব।
টাকার ছি মানে ক্রিশ্ন পাইবেন।
বিক্রমান্য ক্রিশ্ন পাইবেন।

জীবন-রক্ষক

3164

LIFE-PRESERVER

क्रीविक म मया-अगार।

মুদা le জান ।

উপনেকৈ স্থানে পাওয়া যাইরে'।